<p><b>প্রতি মিলিয়ন লোকের বিপরীতে গবেষক</b> (পূর্ণকালীন সময়ের সমতুল্য)</p> <ul style="list-style-type: none"> <li>২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে প্রতি মিলিয়ন লোকের বিপরীতে পূর্ণকালীন সময়ের সমতুল্য গবেষকের প্রাক্কলিত সংখ্যা যথাক্রমে ৭৬, ৭৩ এবং ৭৬;</li> </ul>	<p><b>Researchers (full-time equivalent) per million inhabitants</b></p> <ul style="list-style-type: none"> <li>The number of full-time equivalent researchers per million inhabitants was estimated to be 76, 73 and 76 respectively, in the fiscal years 2018-19, 2019-20 and 2020-21;</li> </ul>
<p><b>প্রতি ১০০০ শ্রমশক্তির বিপরীতে গবেষক (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে)</b></p> <ul style="list-style-type: none"> <li>২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে প্রতি ১০০০ জন শ্রমশক্তির বিপরীতে গবেষকের প্রাক্কলিত সংখ্যা (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে) যথাক্রমে ০.২৬, ০.২৫ এবং ০.২৫;</li> </ul>	<p><b>Researchers (based on head count) per 1,000 labour force</b></p> <ul style="list-style-type: none"> <li>In the fiscal years 2018–19, 2019–20 and 2020–21, there were 0.26, 0.25 and 0.25 researchers (based on head count) per 1000 labour force respectively;</li> </ul>
<p><b>প্রতি ১০০০ শ্রমশক্তির বিপরীতে গবেষক</b> (পূর্ণকালীন সময়ের সমতুল্য)</p> <ul style="list-style-type: none"> <li>২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে প্রতি ১০০০ শ্রমশক্তির বিপরীতে গবেষকের প্রাক্কলিত সংখ্যা (পূর্ণকালীন সময়ের সমতুল্য) যথাক্রমে ০.২০, ০.১৮ এবং ০.১৯;</li> </ul>	<p><b>Researchers (full-time equivalent) per 1,000 labour force</b></p> <ul style="list-style-type: none"> <li>The estimated number of full-time equivalent researchers per 1000 labour force was 0.20, 0.18 and 0.19 for the fiscal years 2018-19, 2019-20 and 2020-21, respectively;</li> </ul>
<p><b>প্রতি ১০০০ কর্মসংস্থানের বিপরীতে গবেষক</b> (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে)</p> <ul style="list-style-type: none"> <li>২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে প্রতি ১০০০ কর্মসংস্থানের বিপরীতে গবেষকের প্রাক্কলিত সংখ্যা (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে) যথাক্রমে ০.২৭, ০.২৬ এবং ০.২৬;</li> </ul>	<p><b>Researchers (based on head count) per 1,000 employments</b></p> <ul style="list-style-type: none"> <li>The estimated number of researchers (head count) per 1000 employment was 0.27, 0.26 and 0.26 for the fiscal years 2018–19, 2019–20 and 2020–21 respectively;</li> </ul>
<p><b>প্রতি ১০০০ মিলিয়ন কর্মসংস্থানের বিপরীতে গবেষক</b> (পূর্ণকালীন সময়ের সমতুল্য)</p> <ul style="list-style-type: none"> <li>২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে প্রতি ১০০০ মিলিয়ন কর্মসংস্থানের বিপরীতে গবেষকের সংখ্যা (পূর্ণকালীন সময়ের সমতুল্য) যথাক্রমে ০.২০, ০.১৮ এবং ০.১৯;</li> </ul>	<p><b>Researchers (full-time equivalent) per 1,000 employments</b></p> <ul style="list-style-type: none"> <li>In the fiscal years 2018–19, 2019–20 and 2020–21, the number of researchers (full-time equivalent) per 1000 employment was 0.20, 0.18 and 0.19, respectively;</li> </ul>

মোট গবেষকের শতাংশ হিসেবে মহিলা গবেষক (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে)	Female researchers (based on head count) as a percentage of total researchers
<ul style="list-style-type: none"> <li>মোট গবেষকের মধ্যে, ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে মহিলা গবেষক যথাক্রমে ১১.৬৩%, ১০.৮৪% এবং ১০.৮২%;</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>Among the total researchers, women researchers accounted for 11.63%, 10.84% and 10.82% in FY 2018-19, 2019-20 and 2020-21 respectively;</li> </ul>
চলতি পিপিপি ডলারে স্থূল R&D ব্যয়	Gross expenditure on R&D in current PPP dollar
<ul style="list-style-type: none"> <li>২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে চলতি ক্রয় ক্ষমতার সমতা (PPP) ভিত্তিক ডলারে প্রাক্কলিত স্থূল গবেষণা ও উন্নয়ন ব্যয় (GERD) যথাক্রমে ৩২৫৭.৫৪ মিলিয়ন, ৩০৮২.৫৫ মিলিয়ন এবং ৩২৭৯.৪৩ মিলিয়ন;</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>The gross expenditure on research and development (GERD) in current Purchasing Power Parity (PPP) dollars for the fiscal years 2018-19, 2019-20 and 2020-21 was estimated to be 3257.54 million, 3082.55 million and 3279.43 million respectively;</li> </ul>
PPP ডলারে স্থির মূল্যে স্থূল R&D ব্যয়	Gross expenditure on R&D in PPP dollar-constant prices
<ul style="list-style-type: none"> <li>২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে স্থির মূল্যে ক্রয় ক্ষমতার সমতা (PPP) ভিত্তিক ডলারে প্রাক্কলিত স্থূল গবেষণা ও উন্নয়ন ব্যয় (GERD) যথাক্রমে ২৮২৭.৪৮ মিলিয়ন, ২৫৭৬.৫২ মিলিয়ন এবং ২৬৩২.৬০ মিলিয়ন;</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>The estimated gross expenditure on research and development (GERD) for the fiscal years 2018-19, 2019-20 and 2020-21 amounted to 2827.48 million 2576.52 million and 2632.60 million in terms of purchasing power parity (PPP) dollar at constant price, respectively;</li> </ul>
টাকায় মাথাপিছু জিইআরডি	GERD per capita in Taka
<ul style="list-style-type: none"> <li>২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে প্রাক্কলিত মাথাপিছু স্থূল গবেষণা ও উন্নয়ন ব্যয় (GERD) যথাক্রমে ৬১৫.৫১ টাকা, ৫৯০.৫৫ টাকা এবং ৬১৯.৮২ টাকা;</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>The gross expenditure on research and development (GERD) per capita for the fiscal years 2018-19, 2019-20 and 2020-21 was estimated to be TK. 615.51, TK. 590.55, TK. 619.82 respectively;</li> </ul>
চলতি পিপিপি ডলারে মাথাপিছু জিইআরডি	GERD per capita in current PPP dollar
<ul style="list-style-type: none"> <li>২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে চলতি পিপিপি ডলারে প্রাক্কলিত মাথাপিছু স্থূল গবেষণা ও উন্নয়ন (GERD) ব্যয় যথাক্রমে ১৯.৬৭, ১৮.৪১ এবং ১৯.৩৯;</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>The gross expenditure on research and development (GERD) per capita in current PPP dollar for the fiscal years 2018-19, 2019-20 and 2020-21 was estimated to be 19.67, 18.41 and 19.39, respectively;</li> </ul>
স্থির মূল্যে পিপিপি ডলারে মাথাপিছু জিইআরডি	GERD per capita in PPP dollar-constant price
<ul style="list-style-type: none"> <li>২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে স্থির মূল্যে পিপিপি ডলারে মাথাপিছু প্রাক্কলিত স্থূল গবেষণা ও উন্নয়ন (GERD) ব্যয় যথাক্রমে ১৭.০৭, ১৫.৩৯ এবং ১৫.৫৭;</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>The estimated gross expenditure on research and development (GERD) per capita in PPP dollars at constant price for the fiscal years 2018-19, 2019-20 and 2020-21 was 17.07, 15.39 and 15.57 respectively;</li> </ul>
জিডিপি'র শতাংশ হিসেবে জিইআরডি	GERD as a percentage of GDP
<ul style="list-style-type: none"> <li>২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে জিডিপি'র হিসেবে স্থূল গবেষণা ও উন্নয়ন ব্যয় (GERD) যথাক্রমে ০.৩৫%, ০.৩১% এবং ০.৩০%;</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>Gross research and development expenditure (GERD) as a share of GDP in 2018-19, 2019-20 and 2020-21 was 0.35%, 0.31% and 0.30% respectively;</li> </ul>

## উপসংহার

বিভিন্ন সূচকের ব্যাপক বিশ্লেষণের ভিত্তিতে এটি স্পষ্ট যে, বাংলাদেশে বিভিন্ন ক্ষেত্রে বিশেষ করে সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। ১৯৭১ সালে স্বাধীনতা অর্জনের পর একটি যুদ্ধবিধ্বস্ত জাতি হিসেবে যাত্রা শুরু করে, অর্থনীতিতে দ্রুত অগ্রগামী দেশসমূহের মধ্যে বাংলাদেশ অন্যতম। গত দশকের শুরু থেকে, বাংলাদেশ জিডিপি'র গড় প্রবৃদ্ধির হার ৬.৫% বজায় রেখেছে। ১৯৭১ সালে দরিদ্রতম দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল। এটি ২০১৫ তে নিম্ন-মধ্যম আয়ের স্তরে উন্নীত হয়। বাংলাদেশ জাতিসংঘের স্বল্পোন্নত দেশগুলোর (এলডিসি) তালিকা থেকে বেরিয়ে যাওয়ার পথে এবং ২০২৬ সালে একটি উন্নয়নশীল দেশ হিসেবে চূড়ান্ত স্বীকৃতি অর্জন করবে বলে আশা করা যাচ্ছে। অনেক সাফল্য সত্ত্বেও এটি অনস্বীকার্য যে, এখন পর্যন্ত বাংলাদেশ গবেষণা ও উন্নয়নের ক্ষেত্রে অনেক পিছিয়ে রয়েছে। প্রকৃতপক্ষে, একটি জাতির অগ্রগতি সরাসরি তার গবেষণা ও উন্নয়ন প্রচেষ্টার সাথে জড়িত। এ কারণে গবেষণা ও উন্নয়ন মূলত পরস্পরে সম্পর্কযুক্ত; দুর্বল গবেষণা সাফল্য ও উন্নয়নের অগ্রগতিতে বাধা সৃষ্টি করতে পারে।

## Conclusion

Based on a comprehensive analysis of different indicators, it is evident that Bangladesh is making significant progress in various fields, especially in the social and economic spheres. It began its journey as a war-torn nation after achieving independence in 1971, Bangladesh is one of the major economies in the world that is expanding at the fastest rate. Since the beginning of the last decade, Bangladesh has maintained an average GDP growth rate of 6.5%. Bangladesh was among the poorest countries in 1971. It rose to the lower-middle income level in 2015. Bangladesh is on course to leave the UN's list of Least Developed Countries (LDC) and is expected to achieve final recognition as a developing country in 2026. Despite many successes, it is undeniable that Bangladesh continues to fall far behind in the field of research and development. In fact, a nation's progress is directly tied to its R&D efforts. This is why Research and Development are fundamentally interrelated; poor research can hinder progress and development.

# Chapter I

## প্রথম অধ্যায়

# Introduction

## ভূমিকা



পটভূমি

Background

গবেষণা ও উন্নয়ন (R&D) হলো জ্ঞানের পরিধি বৃদ্ধির লক্ষ্যে পদ্ধতিগতভাবে সম্পাদিত একটি সৃজনশীল কাজ এবং নতুন এ্যাপ্লিকেশন বিকাশের জন্য এ জ্ঞানের ব্যবহার নিশ্চিত করা। গবেষণা ও উন্নয়ন (R&D) একটি দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। R&D গুরুত্বপূর্ণ বিষয় কারণ এটি একটি দেশের উদ্ভাবন সংশ্লিষ্ট কর্মক্ষমতার একটি অনন্য পরিমাপক। এর মাধ্যমে দেশসমূহ তাদের নতুন প্রযুক্তি এবং ধারণাসমূহ বিকাশের সক্ষমতা মূল্যায়ন করার সুযোগ পেয়ে থাকে। উদ্ভাবন এখন সর্বজনীনভাবে উন্নয়নশীল এবং উন্নত উভয় দেশের জন্যই অর্থনৈতিক প্রবৃদ্ধির একটি চালকযন্ত্র হিসেবে বিবেচিত হয়ে থাকে এবং দারিদ্র্য বিমোচনের একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে কাজ করে। গবেষণা ও পরিক্ষামূলক উন্নয়ন (R&D) হলো একটি দেশের জাতীয় উদ্ভাবন ব্যবস্থার (NIS) একটি গুরুত্বপূর্ণ উপাদান এবং R&D সংশ্লিষ্ট পরিসংখ্যান হলো NIS মূল্যায়নের জন্য সর্বাধিক ব্যবহৃত সূচকসমূহের মধ্যে অন্যতম। অর্থনৈতিক এককের উৎপাদনশীলতা বৃদ্ধির জন্যও গবেষণা ও উন্নয়ন গুরুত্বপূর্ণ, কারণ গবেষণা ও উন্নয়নে বিনিয়োগ উৎপাদন প্রক্রিয়ার প্রযুক্তিগত উন্নতির মাধ্যমে উৎপাদন খরচ কমায়ে। এছাড়াও, শিল্পের পরিবেশগত কর্মক্ষমতার উন্নয়ন ঘটাতে R&D এর একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে, যা টেকসই উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ উপাদান। এটি আরও দক্ষ প্রযুক্তি এবং প্রক্রিয়া প্রভুত্বের মাধ্যমে বর্জ্য হ্রাস করে এবং পরিষ্কারক শক্তির উৎসসমূহের বিকাশ ঘটায়। উপরন্তু, SDG টার্গেট ৯.৫ উদ্ভাবনকে উৎসাহিত করে, যা বিশেষ করে উন্নয়নশীল দেশসমূহে প্রযুক্তিগত সক্ষমতার উন্নয়নের মাধ্যমে R&D সংশ্লিষ্ট আউটপুটের উল্লেখযোগ্য উন্নতি ঘটায়।

Research and Development (R&D) comprises of creative work undertaken on a systematic basis to increase the stock of knowledge and to ensure the use of this knowledge to develop new applications. Research and Development (R&D) plays an important role in the economic growth of a country. R&D is important because it is a unique measure of the innovation performance of a country. It allows countries to evaluate their ability to develop new technology and ideas. Innovation is now universally regarded as an engine of economic growth for both developing and developed countries and thus acts as an important driver of poverty alleviation. Research and Development (R&D) is an important component of a country's National Innovation System (NIS), and R&D related statistics are among the most widely used indicators to monitor the NIS. Research and Development are also vital to increasing the productivity rate of economic units since investment in R&D reduces production costs through technological upgrades of the production process. Besides, R&D has an important role in improving the environmental performance of industry, which is an important element in sustainable development. This is done by creating more efficient technologies and processes, reducing waste, and developing cleaner energy sources. Additionally, SDG Target 9.5 promotes innovation that significantly raises R&D outputs by advancing technological capabilities, especially in developing nations.

তথ্য ও পরিসংখ্যান, টেকসই উন্নয়ন অর্জনের একটি পূর্বশর্ত এবং গবেষণা ও উন্নয়ন সংশ্লিষ্ট ব্যয় তাদের মধ্যে অন্যতম। R&D সংশ্লিষ্ট ব্যয় উদ্ভাবন এবং প্রযুক্তিগত অগ্রগতিতে একটি দেশের বিনিয়োগ প্রচেষ্টার ধারণা দিবে প্রমাণ করে থাকে। এটি, জীবনযাত্রার মান উন্নত করা এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ঘটানোসহ সামাজিক কল্যাণ বয়ে আনতে পারে। এসডিজিসমূহ অর্জনের জন্য এটি একটি সম্ভাবনাময় শক্তি হিসেবেও কাজ করতে পারে।

Information and statistics are a prerequisite for achieving sustainable development goals and expenditure on R&D is one of them. R&D expenditure provides insights into a country's efforts to invest in innovation and technological progress. This, in turn, can lead to improved quality of life, economic growth, and social welfare. It has the potential to be a driver for achieving the SDGs.

এ অবস্থায়, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের পাশাপাশি ব্যবহারকারীদের চাহিদা পূরণের লক্ষ্যে বাংলাদেশ

In these circumstances, to achieve Sustainable Development Goals and meet user needs, the



পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রথমবারের মত সম্ভাব্য সকল প্রতিষ্ঠান, যেগুলো গবেষণা ও উন্নয়ন কার্যক্রমে নিয়োজিত থাকতে পারে তাদের ওপর একটি পূর্ণ গণনা পরিচালনা করার পরিকল্পনা গ্রহণ করে।

Bangladesh Bureau of Statistics (BBS) plan, for the first time, to conduct a full count of all probable institutions (statistical units for this study) that are likely to be engaged in Research and Development (R&D) activities.

## ১.১ জরিপের উদ্দেশ্য

এ জরিপের মূল উদ্দেশ্য হলো গবেষণা ও উন্নয়ন (R&D) সম্পর্কিত বিভিন্ন সূচক প্রস্তুত করা সহ জাতীয় উদ্ভাবন পদ্ধতি (NIS) সংশ্লিষ্ট সক্ষমতার মূল্যায়ন। জরিপটির মাধ্যমে দেশের উদ্ভাবন ব্যবস্থার গতিশীলতা চিহ্নিত করতে, সরকারি ও বেসরকারি খাতের মধ্যে সংযোগসমূহকে লক্ষ্যণীয় করতে এবং অগ্রগতি মূল্যায়নের জন্য একটি ভিত্তিরেখা প্রস্তুতের চেষ্টা করা হয়েছে। এ পরিসংখ্যান অনুশীলনের নির্দিষ্ট উদ্দেশ্যগুলো নিম্নরূপ:

- সেক্টর ভিত্তিক গবেষণা ও উন্নয়নে স্থূল দেশজ ব্যয় (GERD) প্রাক্কলন;
- মাথাপিছু জিইআরডি এবং জিডিপির শতাংশ হিসেবে জিইআরডি নিরূপন;
- মোট গবেষকের সংখ্যা এবং প্রতি মিলিয়ন লোকের বিপরীতে গবেষকের সংখ্যা নিরূপন;
- মোট গবেষকের শতাংশ হিসেবে মহিলা গবেষকের সংখ্যা নিরূপন (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে);
- সেক্টর ভিত্তিক R&D কর্মীদের মোট সংখ্যা নিরূপন;
- চলতি PPP ডলারে জিইআরডি নিরূপন;
- পিপিপি ডলারে মাথাপিছু জিইআরডি নিরূপন;
- প্রতি ১,০০০ শ্রমশক্তির বিপরীতে মোট গবেষকের সংখ্যা (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে) নিরূপন;
- প্রতি ১,০০০ শ্রমশক্তির বিপরীতে মোট গবেষকের সংখ্যা (পূর্ণকালীন সময়ের সমতুল্য) নিরূপন;
- প্রতি ১,০০০ কর্মসংস্থানের বিপরীতে মোট গবেষকের সংখ্যা (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে) নিরূপন;
- প্রতি ১,০০০ কর্মসংস্থানের বিপরীতে মোট গবেষকের সংখ্যা (পূর্ণ সময়ের সমতুল্য) নিরূপন;

## 1.1 Object of the study

The main objective of this survey was to develop creditable indicators related to Research and Development (R&D) and evaluate the capability of the national system of innovation (NSI). The survey also sought to identify the dynamics of the country's innovation system, highlight the linkages between the public and private sectors and create a baseline for monitoring progress. The specific objectives of this statistical exercise were the following:

- To estimate Gross Domestic Expenditure on Research and Development (GERD) by sector;
- To estimate GERD per capita and GERD as a percentage of GDP;
- To estimate the total number of researchers and researchers per million people
- To estimate the number of female researchers as a percentage of total researchers (based on head count);
- To estimate the total number of R&D personnel by sector;
- To estimate GERD in current PPP dollar;
- To estimate GERD per capita in PPP dollars.
- To estimate the total number of researchers (based on head count) per 1,000 labour force;
- To estimate the total number of researchers (full-time equivalent) per 1,000 labour force;
- To estimate the total number of researchers (based on head count) per 1,000 total employments;
- To estimate the total number of researchers (full-time equivalent) per 1,000 total employments;



## ১.২ প্রতিবেদনের কাঠামো এবং বিষয়বস্তু

ছয়টি অধ্যায় এবং পরিশিষ্টে সন্নিবেশিত পরিসংখ্যান সারণিসমূহ নিয়ে এ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রথম অধ্যায়ে জরিপের পটভূমি এবং উদ্দেশ্য ব্যাখ্যা করা হয়েছে। দ্বিতীয় অধ্যায়ে জরিপ পদ্ধতি এবং ধারণাগত কাঠামোর সংক্ষিপ্ত বিবরণ রয়েছে। তৃতীয় অধ্যায়ে এ জরিপে ব্যবহৃত বিভিন্ন পরিভাষাসমূহের প্রাথমিক জ্ঞানের বুৎপত্তি তুলে ধরা হয়েছে। চতুর্থ অধ্যায়ে গবেষণা ও উন্নয়ন কর্মী সংশ্লিষ্ট বিস্তারিত জরিপের ফলাফল দেয়া হয়েছে। পঞ্চম অধ্যায়ে গবেষণা এবং উন্নয়ন ব্যয় সম্পর্কিত জরিপ ফলাফলের একটি পর্যালোচনা প্রদান করা হয়েছে। তাছাড়া উন্নয়ন সংশ্লিষ্ট সূচকসমূহ বিস্তারিতভাবে ষষ্ঠ অধ্যায়ে বর্ণনা করা হয়েছে। এ প্রতিবেদনের শেষাংশে একটি পরিশিষ্ট সংযুক্ত করা হয়েছে, যা পাঠ করা প্রাসঙ্গিক কিন্তু মূল পাঠ্যের অন্তর্ভুক্ত নয়। এমন অতিরিক্ত তথ্য যা ব্যবহারকারীগণ ব্যবহার করতে পারবেন।

## ১.৩ জরিপ সংগঠন

জরিপটি বাংলাদেশ সরকারের পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর ECDS সেল কর্তৃক বাস্তবায়িত হয়েছে। বিবিএস এবং বিবিএস-বহির্ভূত বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) গঠন করা হয়েছিল। এ কমিটি জরিপের নকশা এবং প্রশ্নপত্র উন্নয়নের জন্য সামগ্রিক কারিগরি সহায়তা প্রদান করেছে। বিবিএস-এর বিভিন্ন উইং-এর প্রতিনিধিদের নিয়ে একটি অভ্যন্তরীণ ওয়ার্কিং গ্রুপ গঠন করা হয়েছিল। এ কর্মী-গোষ্ঠী জরিপের পরিধি, উদ্দেশ্য এবং খসড়া প্রশ্নপত্র পর্যালোচনাপূর্বক প্রশ্নপত্রে কিছু নতুন প্রশ্ন সংযোজন এবং কিছু প্রশ্ন বিয়োজনের সুপারিশ করে। কর্মী-গোষ্ঠী কর্তৃক প্রদত্ত সুপারিশসমূহ পর্যালোচনার পর, প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) প্রশ্নপত্রটি চূড়ান্ত করে।

## ১.৪ জরিপের পরিধি

(১) উচ্চ শিক্ষা (২) সরকার (৩) ব্যবসা প্রতিষ্ঠান এবং (৪) বেসরকারি অলাভজনক প্রতিষ্ঠান এ চারটি ক্ষেত্রে ভিত্তিরেখার তথ্য প্রস্তুতের লক্ষ্যে জরিপে অন্তর্ভুক্ত করা হয়েছিল।

## ১.৫ জরিপের ফলাফল

এ জরিপের ফলাফল হলো দেশে R&D সংশ্লিষ্ট সূচকসমূহের প্রাপ্যতা এবং অভিজ্ঞতা। আশা করা হচ্ছে, এ জরিপ থেকে

## 1.2 Structure and content of the report

The report is prepared with six chapters and statistical tables included in the appendices. Chapter I explains the background and objectives of the study. Chapter II summarizes the study methodology and conceptual framework. Chapter III outlines the basic knowledge of the different terminologies used in this publication. Chapter IV presents detailed study findings related to research and development personnel. Chapter V offers an overview of the study's outcomes pertaining to research and development expenditures. On the other hand, the research and development indicators are detailed in Chapter VI. An appendix is attached at the end of this report, which is relevant to read but not included in the main text. Additional information that users can use.

## 1.3 Organization of the study

The survey was sponsored by the Bangladesh Government and organized by the ECDS cell of the Bangladesh Bureau of Statistics (BBS). A Project Implementation Committee (PIC) consisting of experts from both the BBS and outside the BBS was established. This committee provided overall technical assistance for the design of the survey and the development of the questionnaire. An in-house working group was also formed with representatives from different wings of BBS. This working group reviewed the scope, objectives, and draft questionnaire of the study and recommended several study items for inclusion in and deletion from the study. The recommendations made by the working group were reviewed and then finalized by the Project Implementation Committee (PIC).

## 1.4 Scope of the survey

To establish baseline data, all four sectors—(i) higher education, (ii) government, (iii) business enterprises, and (iv) private non-profit institutions—were covered in this survey.

## 1.5 Output of the survey

The output of this survey is the availability of and accessibility to R&D indicators in the

প্রাপ্ত তথ্যসমূহ গবেষণা ও উন্নয়ন (R&D) কার্যকলাপের সাথে সম্পর্কিত বিদ্যমান তথ্য ঘাটতি নিরসন করবে, যা দীর্ঘকাল যাবত আমাদের দেশে গবেষণা ও উন্নয়ন কার্যক্রমের স্তর এবং গতি-প্রকৃতি সম্পর্কে স্পষ্ট বোঝার জন্য একটি প্রতিবন্ধকতা হিসেবে চিহ্নিত হয়ে আসছে। এ সকল R&D সূচক সংক্ষিপ্ত এবং সহজবোধ্যভাবে জাতীয় উদ্ভাবন ব্যবস্থার অবস্থা ব্যাখ্যা করতে পারে।

### ১.৬ গবেষণা ও উন্নয়ন তথ্যের ব্যবহার

এ জরিপের লক্ষ্য হলো বাংলাদেশের গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিমাপ করা সহ নীতি পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণের ভিত্তি প্রস্তুত করা। সরকারি সংস্থা, সিদ্ধান্ত গ্রহণকারী, শিক্ষাবিদ এবং সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণ বিজ্ঞান ও প্রযুক্তি সম্পর্কিত নীতি ও পরিকল্পনা প্রস্তুত করতে এ জরিপ থেকে প্রাপ্ত R&D সংশ্লিষ্ট তথ্য ব্যবহার করতে পারেন। অধিকন্তু, এ জরিপের মাধ্যমে উৎপন্ন সূচকসমূহ জাতীয় অর্থনীতিতে R&D -এর অবদান মূল্যায়ন করতে ব্যবহার করা যেতে পারে। তাছাড়াও, এ জরিপ থেকে প্রাপ্ত তথ্য আমাদের নিজেদের সাথে অন্যান্য দেশের গবেষণা ও উন্নয়নের স্তর এবং গতিপ্রকৃতি বিশ্লেষণ এবং তুলনা করার সুযোগ করে দেবে।

### ১.৭ জরিপের যৌক্তিকতা

উন্নয়ন ও গবেষণা (R&D) হলো একটি অত্যন্ত সৃজনশীল কার্যকলাপ যা নতুন কাজ প্রস্তুত করে, নতুন নতুন শিল্প ও নতুন কর্মসংস্থান সৃষ্টি করে, উৎপাদন খরচ হ্রাস করে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিসহ আমাদের সামগ্রিক জাতীয় কল্যাণে একটি বড় অবদান রাখে। এছাড়াও R&D প্রযুক্তিগত অগ্রগতির দিকে পরিচালিত করার মাধ্যমে সমাজকে উপকৃত করে। এটি ইতিবাচকভাবে উদ্ভাবন সংশ্লিষ্ট আউটপুটের সকল বিষয়ের সাথে সম্পর্কযুক্ত। R&D ব্যবসার জন্যও গুরুত্বপূর্ণ কারণ এটি শক্তিশালী জ্ঞান এবং অন্তর্দৃষ্টি প্রদান করে এবং বর্তমান প্রক্রিয়াসমূহকে পরিবর্তনের দিকে ধাবিত করে, যা দক্ষতা বাড়াতে ও খরচ কমাতে সহায়তা করে। উপরন্তু, এটি প্রতিযোগিতামূলক বাজারে উন্নতির লক্ষ্যে ব্যবসা প্রতিষ্ঠানসমূহকে নতুন এবং উদ্ভাবনমূলক পণ্য এবং পরিষেবাসমূহের বিকাশ ঘটাতে সক্ষম করে তোলে। এটিও অনস্বীকার্য যে, গবেষণা ও উন্নয়নের সুফল আমাদেরকে একটি উন্নত জীবন এবং অধিকতর বাসযোগ্য ও আরামদায়ক পৃথিবী প্রস্তুত করার ক্ষেত্রে ভূমিকা রাখছে। R&D একটি দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি বৃদ্ধিতেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এ উপলব্ধির আলোকে নীতিনির্ধারক, গবেষক,

country. Data available from this survey is expected to mitigate existing data gaps related to Research and Development (R&D) activities that have long been identified as a barrier to a clear understanding of the level and pattern of R&D activities in our country. All these R&D indicators may explain the concise and easily understandable status of the national innovation system.

### 1.6 Uses of research and development data

The aim of this survey is to measure R&D activities in Bangladesh and create a basis for policy planning and decision-making. Government agencies, decision-makers, academics and experts in the industry may utilize the R&D data available from this survey to develop science and technology-related policies and plans. Moreover, the indicators generated by this survey may be used to assess the contribution of R&D to the national economy. Additionally, the data available from this survey will provide us with an opportunity to analyze and compare the level and pattern of research and development in other countries with our own.

### 1.7 Rationale of the study

Research and Development (R&D) is an immensely innovative endeavor that yields novel products, fosters job creation and the emergence of new industries, reduces production expenses and significantly contributes to our economic expansion and overall national well-being. R&D initiatives also contribute to the advancement of technology, resulting in significant benefits for society. It is also positively correlated with all means of innovation output. R&D is perilous for businesses since it offers strong knowledge and insights and leads to modifications to current processes that can boost efficiency and lower costs. Additionally, it enables businesses to develop new and innovative products and services to thrive in competitive markets. It is also undeniable that the benefits of research and development have given us a better life and a more habitable and comfortable world in which to live. R&D also plays an important role in the economic growth of a country. Considering this

শিক্ষাবিদ এবং সরকারী কর্মকর্তারা আমাদের দেশের মধ্যে গবেষণা ও উন্নয়ন (R&D) এর জন্য বরাদ্দকৃত মানব ও আর্থিক সম্পদের পরিমাণ এবং বন্টন আনুষ্ঠানিকভাবে নথিভুক্ত করার প্রয়োজনীয়তার বিষয়ে ক্রমবর্ধমান উদ্বেগ প্রকাশ করে আসছেন। এ জরিপ থেকে প্রাপ্ত সূচকগুলো সামগ্রিক জাতীয় অর্থনীতিতে গবেষণা ও উন্নয়নের প্রভাব মূল্যায়নের জন্য ব্যবহার করা হবে।

এ জরিপের ফলাফলসমূহ নীতিনির্ধারক এবং গবেষণা ও উন্নয়ন (R&D) নীতি পরিকল্পনার সাথে জড়িত অন্যান্য অংশীজনদের সহায়ক হবে বলে মনে করা হয়। অধিকন্তু, এ জরিপের ফলাফলের উপর ভিত্তি করে একটি SDG সূচক প্রস্তুত করা হয়েছে। এটি উল্লেখ করা জরুরী যে, এসডিজি বাস্তবায়নের সাথে জড়িত অনেকেই দীর্ঘদিন ধরে এ ধরনের সূচক প্রস্তুতের আহবান জানিয়ে আসছেন। পূর্বোক্ত বর্ণনার ভিত্তিতে বলা যায় যে, এ জরিপটি অত্যন্ত যৌক্তিক এবং সময়োপযোগী।

realization, policymakers, researchers, academics and government officials have expressed growing concern regarding the need to officially document the magnitude and distribution of human and financial resources allocated to Research and Development (R&D) within our nation. The indicators derived from this survey will be utilized to evaluate the impact of research and development on the overall national economy.

The findings of this survey are believed to be beneficial to policymakers and other stakeholders involved in R&D policy planning. Additionally, an SDG indicator has been created based on this survey findings. It is important to point out that many people involved in the implementation of the SDGs have long called for the development of such an indicator. Based on the foregoing description, it can be said that this study is extremely logical and timely.

## Chapter II

### দ্বিতীয় অধ্যায়

## Survey Methodology

### জরিপ পদ্ধতি



এ অধ্যায়টিতে পরিসংখ্যানিক অনুশীলনে ব্যবহৃত পদ্ধতির একটি পর্যালোচনা উপস্থাপন করা হয়েছে। এটি প্রশ্নপত্রের নকশা, জরিপ কর্মীদের প্রশিক্ষণ, মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ, তথ্য প্রক্রিয়াকরণ এবং বৈধতা ইত্যাদি নিয়ে আলোচনা ও ব্যাখ্যা করে। প্রকৃতপক্ষে, কী করা হয়েছিল এবং কীভাবে এটি করা হয়েছিল এ অধ্যায়টি তা ব্যাখ্যা করে, যা পাঠকদেরকে এ পরিসংখ্যানিক বিশ্লেষণের নির্ভরযোগ্যতা এবং যথার্থতাকে ন্যায্যতা দেওয়ার বিষয়টি সম্ভব করে তোলে।

### ২.১ প্রতিবেদন পর্যালোচনা

এ জরিপটি কার্যকরভাবে পরিচালনা করার লক্ষ্যে বিদ্যমান প্রতিবেদন, গবেষণা নিবন্ধ এবং অন্যান্য প্রাসঙ্গিক উৎসসমূহ সতর্কতার সাথে এবং পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করা হয়েছে। এ বিষয়ে বর্তমানে কী ধরনের পরিসংখ্যানিক জ্ঞান বিদ্যমান, তা উদ্ঘাটন করার জন্য এটি একটি প্রাথমিক কাজ। এ জরিপের সাথে ব্যবহৃত পদ্ধতি, শ্রেণীবিন্যাস এবং পরিভাষাসমূহ ভালভাবে বোঝার জন্য বিভিন্ন সংস্থার অসংখ্য জরিপ এবং গবেষণা প্রতিবেদন পর্যালোচনা করা হয়েছে। R&D সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়সমূহ স্পষ্ট বোঝার লক্ষ্যে Frascati Manual 2015 পুঙ্খানুপুঙ্খভাবে অধ্যয়ন করা হয়েছে, যা R&D এর ধারণা, সংজ্ঞা এবং শ্রেণীবিভাগের আরও বিশদ বিবরণ প্রদান করে। এ ম্যানুয়ালটি আমাদেরকে গবেষণা ও উন্নয়নের উপর জরিপ বা শুমারি পরিচালনার জন্য একটি কর্মকাঠামোও প্রদান করে। উপরন্তু, UNESCO Institute for Statistics এর টেকনিক্যাল পেপার নং- ১১ সতর্কতার সাথে পর্যালোচনা করা হয়েছে। এগুলো পর্যালোচনা করে জরিপের প্রশ্নপত্র ও পদ্ধতি নির্ধারণ করা হয়েছে।

### ২.২ প্রাতিষ্ঠানিক খাতসমূহ

Frascati Manual (FM) 2015 অনুসারে এ জরিপের জন্য পরিসংখ্যানিক এককসমূহকে (পর্যবেক্ষণ বা পরিমাপের একক যার জন্য তথ্য সংগ্রহ করা হয় বা প্রস্তুত করা হয়) নিম্নলিখিত প্রাতিষ্ঠানিক খাতে বিভক্ত করা হয়েছে, যাতে করে R&D সম্পর্কিত কর্মী, R&D সংশ্লিষ্ট ব্যয় এবং তহবিল প্রবাহ সম্পর্কে আর্জাতিকভাবে তুলনীয় তথ্য সংগ্রহ এবং প্রস্তুত করা সহজ হয়। এ প্রতিষ্ঠানিক খাতসমূহ হচ্ছে উচ্চশিক্ষা, সরকার, অলাভজনক প্রতিষ্ঠান এবং ব্যবসায়িক প্রতিষ্ঠান।

This chapter presents an overview of the methodological approach used in this statistical exercise. It discusses and explains the questionnaire design, training of survey personnel, data collection at the field level, data processing and validation etc. In fact, this chapter explains what was done and how it was done, making it possible for readers to justify the reliability and validity of this statistical analysis.

### 2.1 Literature review

To conduct this survey in an effective manner, existing literature, research articles, and other relevant documents were reviewed carefully and thoroughly. This was a basic task to discover what type of statistical knowledge is currently available on this topic. Numerous survey and study report of various organizations were reviewed to have a thorough understanding of the methodology, classification and terminologies linked to this study. To have a clear understanding of various R&D aspects, the Frascati Manual 2015 was thoroughly studied, which provided more detailed descriptions of ideas, definitions and classifications of R&D. This manual also provided us with a framework for conducting a survey or census on research and development. Additionally, the UNESCO Institute for Statistics' Technical Paper No. 11 was also carefully reviewed. After reviewing them, survey questionnaire and methodology was designed.

### 2.2 Institutional sectors

According to the Frascati Manual (FM) 2015, the statistical units (units of observation or measurement for which data are collected or generated) for this survey were grouped into the following institutional sectors to make it easier to gather and produce internationally comparable information on R&D personnel, R&D expenditures and funding flows. These institutional sectors are higher education, government, non-profit institutions and business enterprises.

## উচ্চ শিক্ষা খাত

এ খাতে এমন সকল একক (প্রতিষ্ঠান) অন্তর্ভুক্ত রয়েছে যাদের প্রধান কার্যক্রম হচ্ছে আনুষ্ঠানিকভাবে তৃতীয় স্তরের শিক্ষা প্রদান করা। এ ক্ষেত্রে, প্রতিষ্ঠানসমূহের আইনগত অবস্থা বিবেচ্য বিষয় নয়। সকল বিশ্ববিদ্যালয়, কারিগরি মহাবিদ্যালয় এবং অন্যান্য প্রতিষ্ঠান যারা আনুষ্ঠানিকভাবে তৃতীয় স্তরের শিক্ষা প্রদান করে থাকে, এ খাতের অন্তর্ভুক্ত হবে। এছাড়াও, সমস্ত গবেষণা প্রতিষ্ঠান, পরীক্ষামূলক স্টেশন এবং ক্লিনিক যোগুলোর গবেষণা ও উন্নয়ন কার্যক্রম কোন তৃতীয় স্তরের শিক্ষা প্রদানকারী প্রতিষ্ঠানের সরাসরি নিয়ন্ত্রণে বা এরূপ প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত হয় সেগুলোও এ সেক্টরের অন্তর্ভুক্ত। এটি লক্ষ্যনীয় যে, এ সেক্টরটিতে শিক্ষা মন্ত্রণালয়, উচ্চ শিক্ষা মন্ত্রণালয় বা অনুরূপ অন্য কোন মন্ত্রণালয়ের আওতাধীন কোন গবেষণা প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত হবে না। সাধারণভাবে এ গবেষণা প্রতিষ্ঠানসমূহ সরকারী খাতের অংশ। এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে, উচ্চশিক্ষা শিল্প খুবই বৈচিত্র্যময় এবং শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা ব্যবস্থা বিভিন্ন দেশে ব্যাপকভাবে বৈসাদৃশ্যপূর্ণ হয়ে থাকে।

## Higher education sector

This sector includes all units (institutions) whose primary activity is to provide formal tertiary education programs, regardless of their legal status. All universities, colleges of technology and other institutions providing formal tertiary education programs, whatever their source of finance or legal status, are included in this sector. Besides, all research institutes, experimental stations and clinics that have their R&D activities under the direct control of or administered by tertiary education institutions are also included in this sector. It is important to note that this sector does not include all research institutes that fall under the purview of the Ministry of Education, higher education or a ministry with a similar mandate. These research institutions are part of the public sector. It is important to keep in mind that the higher education industry is very diverse and institutions as well as systems vary greatly from country to country.

## সরকারি খাত

সাধারণভাবে এ খাতের পরিসংখ্যানিক এককসমূহ হবে মন্ত্রণালয়, বিভাগ বা সরকারি সংস্থা। এক্ষেত্রে এককসমূহে প্রাতিষ্ঠানিক এককের সকল বৈশিষ্ট্য নাও থাকতে পারে। এ খাতে যে সকল সরকারি এককসমূহ থাকা উচিত সেগুলোর মধ্যে রয়েছে:

- সকল ইনিস্টিটিউট, ল্যাবরেটরি এবং কেন্দ্র যোগুলো গবেষণা ও উন্নয়ন (R&D) কার্যক্রমে নিযুক্ত এবং সরকার কর্তৃক পরিচালিত, নিয়ন্ত্রিত এবং অর্থায়িত।
- কেন্দ্রীয়/ ফেডারেল/ রাজ্য/ স্থানীয় সরকারের গবেষণা ও উন্নয়ন (R&D) কার্যক্রম।

## Government sector

The statistical unit of this sector will generally be the ministry, department or agency. In this case the unit does not have all the characteristics of an institutional unit. Government units that should be covered in this sector include:

- All institutes, laboratories and centers those are engaged in Research and Development (R&D) activities managed, controlled and financed by the government;
- Research and Development (R&D) operations of central/federal/state/local government;

## বেসরকারি অলাভজনক খাত

এ খাতের মধ্যে রয়েছে:

- SNA 2008 এ সংজ্ঞায়িত সকল অলাভজনক প্রতিষ্ঠান যা খানাসমূহকে সেবা প্রদান করে থাকে (NPISH) এবং উচ্চশিক্ষা খাতের অংশ হিসেবে শ্রেণীবদ্ধ হয়নি;
- খানা ও ব্যক্তিপর্যায়ের ব্যক্তিসমূহ, বাজারের কার্যক্রমে নিয়োজিত থাকুক বা না থাকুক।

## Private non-profit sector

This sector comprises:

- All non-profit institutions serving households (NPISH) as defined in the SNA 2008 except those classified as part of Higher education sector;
- Households and private individuals engaged or not engaged in market activities.

এ খাতের অন্তর্গত এককসমূহের উদাহরণ হচ্ছে স্বাধীন

Examples of units within this sector are independent professional and learned societies



পেশাদার ও শিক্ষিত সমাজ এবং দাতব্য সংস্থাসমূহ যেগুলো সরকারি খাত বা ব্যবসা খাতের আওতাধীন কোন প্রতিষ্ঠান কর্তৃক নিয়ন্ত্রিত হয় না। এ অলাভজনক প্রতিষ্ঠানগুলো (NPIs) খানাসমূহকে বিনামূল্যে বা অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ বলে বিবেচিত নয় এরূপ মূল্যে পণ্য বা সেবা প্রদান করে থাকে।

#### ব্যবসায়িক খাত

নিম্নলিখিত অর্থনৈতিক এককসমূহ সমন্বয়ে ব্যবসায়িক খাত গঠিত হয়ে থাকে:

- সকল আবাসিক কর্পোরেশন, আইনসম্মতভাবে এন্টারপ্রাইজসমূহে অন্তর্ভুক্ত হউক বা না হউক এবং তাদের শেয়ার হোল্ডারদের বাসস্থান যেখানেই হউক না কেন।
- এ গ্রুপে অন্যান্য সকল ধরনের আধা কর্পোরেশনসমূহও অন্তর্ভুক্ত রয়েছে। এ সকল প্রতিষ্ঠান তাদের মালিকদেরকে মুনাফা বা অন্যান্য আর্থিক লাভ প্রদান করতে সক্ষম, এ সকল প্রতিষ্ঠানের পৃথক আইনি সত্তা রয়েছে যা মালিকদের থেকে পৃথক এবং আইন দ্বারা স্বীকৃত এবং অর্থনৈতিকভাবে তাৎপর্যপূর্ণ দামে বাজার উৎপাদনে জড়িত হওয়ার লক্ষ্যে গঠিত হয়েছে। আর্থিক এবং অ-আর্থিক উভয় ধরনের কর্পোরেশনই এর অন্তর্ভুক্ত।
- অনাবাসিক প্রতিষ্ঠানসমূহের আন-ইনকর্পোরেটেড প্রতিষ্ঠানসমূহ আবাসিক প্রতিষ্ঠান হিসেবে বিবেচিত হবে কারণ তারা দীর্ঘমেয়াদী ভিত্তিতে অর্থনৈতিক অঞ্চলে উৎপাদনে নিযুক্ত রয়েছে।
- সকল আবাসিক এনপিআই যারা পণ্য বা পরিষেবার বাজার উৎপাদক।

প্রকৃতপক্ষে, ব্যবসায়িক খাতে এমন সব ফার্ম, সংস্থা এবং প্রতিষ্ঠান রয়েছে যাদের প্রধান কাজ হলো সাধারণ জনগণের পাশাপাশি বেসরকারি অলাভজনক প্রতিষ্ঠানের (PNP) নিকট বিক্রয়ের জন্য পণ্য বা পরিষেবার (উচ্চ শিক্ষা ব্যতীত) বাজার উৎপাদন।

#### ২.৩ কাঙ্ক্ষিত সমগ্রক

দেশের উচ্চশিক্ষা, সরকার, ব্যবসা এবং বেসরকারি অলাভজনক সেক্টরের সমস্ত প্রতিষ্ঠান যারা হয় R&D পরিচালনা করেছিল বা যাদের ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে এটি করার যথেষ্ট সম্ভাবনা ছিল, তাদেরকেই এ জরিপের অভীষ্ট সমগ্রক হিসেবে বিবেচনা করা হয়েছিল।

and charitable organizations that are not controlled by units in the government or business enterprise sectors. These non-profit institutions (NPIs) offer goods or services to households either free of charge or at prices that are not considered economically significant.

#### Business sector

The following are the economic units that make up the Business sector:

- All resident corporations, including not only legally incorporated enterprises, regardless of the residence of their shareholders.
- This group also includes all other types of quasi-corporations, i.e., units capable of generating a profit or other financial gain for their owners, recognized by law as separate legal entities from their owners, and set up for the purpose of engaging in market production at prices that are economically significant. They include both financial and non-financial corporations.
- The unincorporated branches of non-resident enterprises deemed to be resident and part of this sector because they are engaged in production on the economic territory on a long-term basis.
- All resident NPIs that are market producers of goods or services.

In fact, the business sector comprises all firms, organizations and institutions whose primary activity is the market production of goods or services (other than higher education) for sale at an economically significant price to the public as well as the private non-profit (PNP) institutions that serve them.

#### 2.3 Target population

All institutions in the government, higher education, business and private non-profit sectors of the country that either conducted R&D or were very likely to do so in the fiscal years 2018–19, 2019–20 and 2020–21 was the target population for this R&D Survey.



## ২.৪ জরিপ নকশা এবং নমুনা কাঠামো

অন্যান্য কার্যক্রমের তুলনায় আমাদের দেশে গবেষণা ও উন্নয়ন কার্যক্রম অনেকটাই বিরল এবং এটি তুলনামূলক অল্প সংখ্যক প্রতিষ্ঠানই করে থাকে। এ কারণে, কোন প্রতিষ্ঠান গবেষণা ও উন্নয়ন কার্যক্রম সম্পাদন করছে তা চিহ্নিত করা অনেক কঠিন। সাধারণত, দেশের বিদ্যমান ব্যবসায়িক রেজিস্টার কোন কোন সংস্থা বা এন্টারপ্রাইজ R&D কার্যক্রম সম্পাদন করছে তা চিহ্নিত করার জন্য যথেষ্ট সহায়ক তথ্য সরবরাহ করে থাকে। যদি বিদ্যমান বিজনেস রেজিস্টার থেকে দেশের সকল R&D সম্পাদনকারীদের চিহ্নিত করা যায়, তাহলে এর ভিত্তিতে একটি বিস্তৃত এবং সম্পূর্ণ তালিকা কাঠামো প্রস্তুত করা যেতে পারে। এ ধরনের সহায়ক তথ্যের অনুপলব্ধতার কারণে, এ জরিপের উদ্দেশ্যে R&D সম্পাদনকারীদের একটি সম্পূর্ণ তালিকা প্রস্তুত করা সম্ভব হয়নি। ফলস্বরূপ, গবেষণা এবং উন্নয়ন সংশ্লিষ্ট তথ্য সংগ্রহের জন্য একটি জরিপ পরিচালনা করা কঠিন ছিল। এ প্রেক্ষাপট সত্ত্বেও, সেক্টর অনুসারে R&D সম্পাদনকারীদের একটি তালিকা তৈরি করার জন্য নিচে বিশদভাবে বর্ণিত পদ্ধতিটি ব্যবহার করা হয়েছে।

### (ক) উচ্চ শিক্ষা

এ জরিপের জন্য, সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়কে (সাধারণ বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ভেটেরিনারি বিশ্ববিদ্যালয়, টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, ইত্যাদি) এ সেক্টরের অন্তর্ভুক্ত করা হয়েছে। এটি লক্ষ্যনীয় যে, এ জরিপে তৃতীয় স্তরে শিক্ষা প্রদানকারী সরকারি ও বেসরকারি কলেজসমূহকে অন্তর্ভুক্ত করা হয়নি। কারণ এটি ধরে নেওয়া হয়েছিল যে, শিক্ষা দান করাটাই তাদের প্রধান কর্মবিন্দু এবং সাধারণত তারা খুব কম বা কোন গবেষণাই করে না। যাইহোক, ভবিষ্যতে যে সকল জরিপ করা হবে, তাতে তৃতীয় স্তরে শিক্ষা প্রদানকারি সরকারি এবং বেসরকারি উভয় ধরনের কলেজসমূহকেই অন্তর্ভুক্ত করা সমীচীন হবে।

### (খ) সরকারি খাত

যদি R&D এর আদর্শ সংজ্ঞা বিবেচনা করা হয়, তাহলে বাস্তব অর্থে আমাদের দেশে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ বা অধিদপ্তরে কোন গবেষণাই নেই বা খুবই কম গবেষণা রয়েছে। দেশটিতে বহুসংখ্যক সরকারি প্রতিষ্ঠান রয়েছে, যার সবাই সক্রিয়ভাবে নিজ নিজ কার্যক্রম পরিচালনা করছে। গবেষণা ও উন্নয়নের সাথে সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানের একটি পূর্ণ তালিকা পাওয়া খুবই কঠিন ছিল। এ শূন্যতা পূরণ করার লক্ষ্যে এবং অন্য কোন কার্যকর বিকল্প না থাকায়, নিম্নলিখিত পদ্ধতি ব্যবহার করা হয়েছিল। এ

## 2.4 Survey design and sampling frame

R&D activity is rare in our country compared to other activities and is largely focused on a small number of institutional units, making it difficult to pinpoint who is performing it. Generally, the existing business register of a country provides sufficient auxiliary data to identify an establishment or enterprise as an R&D performer. If it is possible to identify all R&D performers in the country from an existing business register, then a comprehensive and complete list frame can be constructed by identifying those known performers. Due to the unavailability of such auxiliary information, it was not possible to compile an exhaustive list of R&D performers for the purpose of this survey. Consequently, conducting a survey to collect data on research and development was difficult. Despite this context, an approach was used, as detailed below, to create a list of R&D performers by sector.

### a) Higher education

For this survey, all public and private universities (general universities, agricultural universities, engineering universities, veterinary universities, textile universities, etc.) were included in this sector. It is important to note that this study did not include government or private colleges that offered tertiary education. This is because it was assumed that their main focus is on teaching and generally little or no research is carried out there. However, the surveys that will be carried out in the future need to include both public and private colleges that are active in the delivery of tertiary education.

### (b) Government sector

If the standard definition of R&D is taken into consideration, there is no or very little research in different ministries, divisions, or departments in our country in the real sense. The country is home to numerous government institutions, all of which are actively conducting their respective activities. It was very difficult to obtain a comprehensive listing of government institutions involved in research and development. To fill this gap, and after finding that there had been no other viable alternative, the following methodology was utilized: This sector includes mainly two types of

সেক্টরে প্রধানত দুই ধরনের গবেষণা সম্পাদনকারী অন্তর্ভুক্ত। প্রথম প্রকারের মধ্যে রয়েছে বিভিন্ন স্ট্যান্ড-এলোন সর্বজনীন গবেষণা প্রতিষ্ঠান (PRIs) যা শুধুমাত্র সর্বজনীন পণ্য হিসেবে গবেষণা পরিচালনা করে। এ গবেষণা প্রতিষ্ঠানের অধিকাংশই কোন না কোনভাবে স্বায়ত্তশাসিত। দ্বিতীয় প্রকারের মধ্যে রয়েছে মন্ত্রণালয়, বিভাগ বা অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান যা সরাসরি সরকার কর্তৃক নিয়ন্ত্রিত এবং অর্থায়িত।

যদি R&D এর আদর্শ সংজ্ঞা বিবেচনা করা হয়, তাহলে বাস্তব অর্থে আমাদের দেশে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ বা অধিদপ্তরে কোন গবেষণাই নেই বা খুবই কম গবেষণা রয়েছে। দেশটিতে বহুসংখ্যক সরকারি প্রতিষ্ঠান রয়েছে, যার সবই সক্রিয়ভাবে নিজ নিজ কার্যক্রম পরিচালনা করছে। গবেষণা ও উন্নয়নের সাথে সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানের একটি পূর্ণ তালিকা পাওয়া খুবই কঠিন ছিল। এ শূন্যতা পূরণ করার লক্ষ্যে এবং অন্য কোন কার্যকর বিকল্প না থাকায়, নিম্নলিখিত পদ্ধতি ব্যবহার করা হয়েছিল। এ সেক্টরে প্রধানত দুই ধরনের গবেষণা সম্পাদনকারী অন্তর্ভুক্ত। প্রথম প্রকারের মধ্যে রয়েছে বিভিন্ন স্ট্যান্ড-এলোন সর্বজনীন গবেষণা প্রতিষ্ঠান (PRIs) যা শুধুমাত্র সর্বজনীন পণ্য হিসেবে গবেষণা পরিচালনা করে। এ গবেষণা প্রতিষ্ঠানের অধিকাংশই কোন না কোনভাবে স্বায়ত্তশাসিত। দ্বিতীয় প্রকারের মধ্যে রয়েছে মন্ত্রণালয়, বিভাগ বা অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান যা সরাসরি সরকার কর্তৃক নিয়ন্ত্রিত এবং অর্থায়িত।

আমাদের দেশে সরকার কর্তৃক অর্থায়িত উল্লেখযোগ্য সংখ্যক সর্বজনীন গবেষণা ইনস্টিটিউট (PRIs) রয়েছে। এ সকল PRIs এর গবেষণা পরিচালনা করার উচ্চ সম্ভাবনা রয়েছে। PRIs সমূহে সাধারণত গবেষণা প্রকল্প গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় জ্ঞান এবং অভিজ্ঞতার পাশাপাশি বিজ্ঞানী ও প্রকৌশলী রয়েছে। এ সকল প্রতিষ্ঠান গবেষণা সংশ্লিষ্ট উদ্যোগকে সমর্থন করার লক্ষ্যে ব্যাপক সম্পদ এবং সুবিধা প্রদান করে থাকে। তারা অগ্রসরমান প্রযুক্তি এবং বৈজ্ঞানিক অগ্রগতির বিকাশে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। PRIs সমূহ প্রায়শই বৈশ্বিক প্রযুক্তি বিকাশের প্রথম ভাগে এবং উদ্ভাবনের অগ্রভাগে থাকে। এ সকল প্রতিষ্ঠান গবেষণা এবং উন্নয়ন বাস্তবায়নের একটি গুরুত্বপূর্ণ অংশ এবং তাদের সম্পৃক্ততা অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ। PRIs সমূহ সাধারণ জনগণের নিকট বিদ্যমান নয় এমন সম্পদ এবং দক্ষতার অধিগম্যতা প্রদান করে। এছাড়াও, তারা প্রায়শই প্রাথমিক পর্যায়ের গবেষণা এবং উন্নয়ন প্রকল্পসমূহে

research performers. The first type includes different stand-alone public research institutes (PRIs) that conduct research as public goods. Most of these research institutes are autonomous in some way. The second type includes various research units, research cells and research institutes under the ministry, division or department that are directly controlled and financed by the government.

If the standard definition of R&D is taken into consideration, there is no or very little research in different ministries, divisions, or departments in our country in the real sense. The country is home to numerous government institutions, all of which are actively conducting their respective activities. It was very difficult to obtain a comprehensive listing of government institutions involved in research and development. To fill this gap, and after finding that there had been no other viable alternative, the following methodology was utilized: This sector includes mainly two types of research performers. The first type includes different stand-alone public research institutes (PRIs) that conduct research as public goods. Most of these research institutes are autonomous in some way. The second type includes various research units, research cells and research institutes under the ministry, division or department that are directly controlled and financed by the government.

In our country, there are a sizeable number of public research institutes (PRIs) financed by the government. These PRIs have a high probability of conducting research. PRIs are usually staffed with scientists and engineers with the necessary knowledge and experience to undertake research projects. They offer a wide range of resources and facilities to support research initiatives. They play a crucial role in the development of advancing technologies and scientific advancements. PRIs are often the first to develop revolutionary technologies and are at the forefront of innovation. They are a vital part of the research and development ecosystem, and their involvement is crucial to economic growth. PRIs also provide access to resources and expertise not available to the public. Besides, they are often the first to invest in early-stage research and development projects, and they provide a platform for innovation and collaboration. Each of these research institutes is responsible for

প্রথম বিনিয়োগ করে এবং তারা উদ্ভাবন ও সহযোগিতার জন্য একটি মঞ্চের ব্যবস্থা করে। এ গবেষণা প্রতিষ্ঠানসমূহ প্রত্যেকটি সাধারণ জ্ঞান প্রস্তুত বা বৃদ্ধি করার লক্ষ্যে পদ্ধতিগত গবেষণা পরিচালনার দায়িত্ব পালন করে থাকে। উদাহরণস্বরূপ, এ সকল প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে ধান গবেষণা ইনস্টিটিউট, পাট গবেষণা ইনস্টিটিউট, নদী গবেষণা ইনস্টিটিউট, পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, সামুদ্রিক গবেষণা ইনস্টিটিউট, মহাকাশ গবেষণা ইনস্টিটিউট ইত্যাদি। উল্লেখ্য যে, বেশিরভাগ ক্ষেত্রেই এ সকল গবেষণা প্রতিষ্ঠান প্রাথমিকভাবে একটি নির্দিষ্ট বাস্তব ভিত্তিক লক্ষ্য বা উদ্দেশ্যের দিকে পরিচালিত হয়ে থাকে। বিভিন্ন ওয়েব সাইট- একটি মঞ্চ যা একাধিক উৎসের পাশাপাশি বিভিন্ন প্রকাশনায় উপস্থাপিত তথ্যসমূহ ব্যবহারের সুযোগ করে দেয়- যা ব্যবহার করে আমরা গবেষণা প্রতিষ্ঠানের একটি তালিকা প্রস্তুত করতে সক্ষম হয়েছি। এটি সময় এবং সম্পদের সাশ্রয়ের পাশাপাশি PRIs এর অপেক্ষাকৃত সম্পূর্ণ একটি তালিকা প্রদান করেছে, যা অন্য কোনভাবে সম্ভব হত না। জরিপের জন্য মোট ৫১ টি গবেষণা প্রতিষ্ঠান চিহ্নিত করা হয়েছে।

পাশাপাশি ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরের সরকারের বার্ষিক বাজেট (রাজস্ব ও উন্নয়ন উভয়ই) পরীক্ষা করে দেখা হয়েছিল। গবেষণা ও উন্নয়নের জন্য কোন কোন সংস্থা এবং কতগুলো সংস্থা বাজেট পেয়েছে তা খুঁজে বের করার জন্য এটি করা হয়েছিল। এ জরিপের পরিধি সরকারি স্নাতকোত্তর চিকিৎসা প্রতিষ্ঠান এবং সরকারি মেডিকেল কলেজগুলোকেও অন্তর্ভুক্ত করে, কারণ তাদের গবেষণা ও উন্নয়ন কর্মকাণ্ডে জড়িত থাকার সম্ভাবনা রয়েছে। উপরন্তু, গবেষণা ও উন্নয়ন কর্মকাণ্ডে নিয়োজিত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন কিছু সরকারি প্রতিষ্ঠানকেও বিবেচনায় নেওয়া হয়েছে। এ ধরনের প্রতিষ্ঠানের মধ্যে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, বাংলাদেশ ইনস্টিটিউট অব নিউক্লিয়ার এগ্রিকালচার, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, ইনস্টিটিউট অব ফুড এন্ড রেডিয়েশন বায়োলজি ইত্যাদি অন্তর্ভুক্ত ছিল। এ জরিপের জন্য সরকারি খাতে ১২৩ টি প্রতিষ্ঠান চিহ্নিত করা হয়েছিল।

#### (গ) ব্যবসায়িক খাত

এ খাতে এমন সমস্ত ফার্ম, সংস্থা এবং প্রতিষ্ঠান রয়েছে যাদের প্রধান কার্যকলাপ হলো সাধারণ জনগণের পাশাপাশি খানাসমূহকে সেবা প্রদানকারী বেসরকারি অলাভজনক (PNP) প্রতিষ্ঠানের কাছে অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ মূল্যে

conducting systematic research intended to create or add to generalizable knowledge. Some examples include: the Rice Research Institute, Jute Research Institute, River Research Institute, Atomic Energy Research Establishment, Bangladesh Oceanographic Research Institute, Space Research Institute, etc. It is to be noted that, in most cases, all these research institutes are directed primarily towards a specific, practical aim or objective. The use of Wave sites and a variety of publications allowed for the compilation of a comprehensive list of all research institutes. By using different wave sites, a platform that allows for the aggregation of data from multiple sources as well as various publications, we were able to compile a list of research institutes in one place. This saved time and resources and provided a much more complete list of PRIs than would have otherwise been possible. A total of 51 research institutes were identified for the survey.

Besides, the government's annual budget (both revenue and development) for fiscal years 2018–19, 2019–20 and 2020–21 was examined. It was carried out to find out which organizations and how many organizations received budgets for research and development. The scope of this study also encompassed government postgraduate medical institutions and government medical colleges, as they are likely to be involved in research and development activities. Additionally, some other government institutions that have the potential to be engaged in research and development activities were also taken into consideration. This type of institution was included such as the Bangladesh Atomic Energy Commission, the Bangladesh Institute of Nuclear Agriculture, the National Institute of Biotechnology, the Institute of Food and Radiation Biology, etc. For this survey the government sector was comprised 123 establishments.

#### (c) Business sector

This sector comprises all firms, organizations, and institutions whose primary activity is the market production of goods or services (other than higher education) for sale at an economically significant price to the public as well as private non-profit (PNP) institutions serving households.

বিক্রয়ের জন্য পণ্য বা পরিষেবার বাজার উৎপাদন (উচ্চ শিক্ষা ব্যতীত)। ব্যবসায়িক খাতটি খুব বড় এবং কোন কোন ব্যবসা প্রতিষ্ঠান এবং কতটি ব্যবসা প্রতিষ্ঠান গবেষণা ও উন্নয়ন কার্যক্রমে নিযুক্ত রয়েছে তার কোন তালিকা আমাদের কাছে ছিল না। ফলস্বরূপ, আমরা আমাদের ফোকাস নির্দিষ্ট শ্রেণীবিভাগের কোম্পানিসমূহের মধ্যে সীমাবদ্ধ রেখেছি যাদের গবেষণা এবং উন্নয়নে নিযুক্ত হবার সম্ভাবনা বেশি। এ পরিস্থিতিতে, সাধারণত যে শিল্পসমূহের গবেষণা ও উন্নয়নে নিয়োজিত হবার সম্ভাবনা খুব বেশি, সে সকল শিল্পসমূহকেই উদ্দেশ্যমূলকভাবে বেছে নেওয়া হয়েছিল। এগুলোর মধ্যে প্রধানত অন্তর্ভুক্ত ছিল, কিন্তু এগুলোর মধ্যেই সীমাবদ্ধ ছিল না (১) ওষুধ প্রস্তুতকারি প্রতিষ্ঠান (পশ্চিমা ওষুধ এবং ইউনানি ওষুধ প্রস্তুতকারি প্রতিষ্ঠান), (২) বায়োটেকনোলজি কোম্পানি (৩) সফটওয়্যার ডেভেলপমেন্ট কোম্পানি (৪) খাদ্য ও পানীয় শিল্প (৫) টেলিযোগাযোগ শিল্প (৬) তামাকজাত দ্রব্যের প্রস্তুতকারক (৭) প্যাকেজিং শিল্প (৮) পলিমার প্রযুক্তি সম্পর্কিত শিল্প (৯) কনজিউমার ইলেকট্রনিক্স, গৃহস্থালি যন্ত্রপাতি (১০) চামড়া এবং সংশ্লিষ্ট পণ্য প্রস্তুতকারক (১১) ধাতু এবং ধাতব পণ্য প্রস্তুতকারক (১২) মেশিনারিজ এবং যন্ত্রপাতি প্রস্তুতকারক, ইত্যাদি। এ সমস্ত ব্যবসা প্রতিষ্ঠানের উদ্ভাবন এবং প্রযুক্তিগত অগ্রগতির উচ্চ সম্ভাবনা রয়েছে। তারা নতুন পণ্য বা পরিষেবা প্রস্তুত করতে সক্ষম যা ভোক্তাদের জন্য মূল্যবান হতে পারে এবং কোম্পানির জন্য রাজস্ব বয়ে আনতে পারে। এ কারণে, তারা গবেষণা এবং উন্নয়ন বিনিয়োগের জন্য আদর্শ। বিভিন্ন ওয়েবসাইট পর্যালোচনা, বিভিন্ন প্রকাশিত প্রকাশনা পাঠ করা এবং বিভিন্ন ধরনের প্রতিষ্ঠানের সাথে ফোনে কথোপকথনের মাধ্যমে ব্যবসা প্রতিষ্ঠানের একটি তালিকা প্রস্তুত করা হয়েছিল। এ জরিপের উদ্দেশ্যে, ব্যবসায়িক খাতে মোট ২৯৫ টি প্রতিষ্ঠান রয়েছে।

#### (ঘ) বেসরকারি অলাভজনক খাত

এ খাতের মধ্যে বেসরকারি অলাভজনক (PNP) প্রতিষ্ঠানসমূহ রয়েছে, যারা খানাসমূহকে (অর্থাৎ সাধারণ জনগণ) পরিষেবা প্রদানের জন্য বাজার বহির্ভূত দ্রব্য-সমগ্রী বা সেবা উৎপাদন করে থাকে। এ খাতের মধ্যে থাকা প্রতিষ্ঠানসমূহের উদাহরণগুলোর মধ্যে স্বাধীন পেশাদার ও শিক্ষিত মানুষের সংগঠন এবং দাতব্য সংস্থাসমূহ অন্তর্ভুক্ত থাকতে পারে যেগুলো সরকার বা ব্যবসায়িক খাতভুক্ত কোন একক কর্তৃক নিয়ন্ত্রিত নয়। বাস্তবে, এ খাতের প্রতিষ্ঠানসমূহকে ফাউন্ডেশন, অ্যাসোসিয়েশন, দাতব্য সংস্থা, বেসরকারী সংস্থা (এনজিও) বলা যেতে পারে। বেসরকারি

The business sector is very large and we lacked a list of what businesses and how many businesses are engaged in research and development. As a result, we narrowed our focus to certain categories of companies that are most likely to be engaged in research and development. In this scenario, the most typical industries that are most likely to be engaged in R&D were chosen on purpose. In this scenario, the most typical industries engaged in R&D were chosen on purpose. These mainly included, among others, (i) the pharmaceutical companies (manufacturers of western medicine and the Unani system of medicine) (ii) the biotechnology companies (iii) the software development companies (iv) the food and beverage industry (v) the telecommunications industry (vi) the manufacturers of tobacco products, (vii) the packaging industry (viii) industries related to polymer technology (ix) industries related to consumer electronics home appliances, mobile phones (x) manufacturers of leather and related products (xi) manufacturers of metal and metal products (xii) manufacturers of machineries and equipment, etc. All these businesses have a high potential for innovation and technological advancement. They can create new products or services that can bring value to consumers and generate revenue for the company. This is why they are ideal for R&D investments. A list of different types of businesses was compiled after consulting various websites, reading various published publications, and having phone conversations with a variety of types of institutions. For the purposes of this survey, the business sector comprised a total of 295 establishments.

#### (d) Private non-profit sector

This sector includes private non-profit (PNP) institutions that produce non-market output for serving households (i.e., the public). Institutions within this sector can encompass independent professional and learned societies, as well as charitable organizations that operate independently from government or business enterprises. In practice, institutions in this sector may be called foundations, associations, charities or non-governmental organizations (NGOs). The private non-profit sector is considered a residual



অলাভজনক খাতটিকে একটি অবশিষ্ট খাত হিসেবে বিবেচনা করা হয়ে থাকে, কারণ এটি এমন সব (NPI) সমূহের সমন্বয়ে গঠিত যা ব্যবসায়িক খাত, সরকারি খাত বা উচ্চ শিক্ষা খাতের আওতায় পড়ে না। বেসরকারি অলাভজনক প্রতিষ্ঠানসমূহ স্বাস্থ্যসেবা, সামাজিক পরিষেবা, ভোক্তা সুরক্ষা এবং ধর্মীয় সংস্থাসমূহসহ সমাজকে প্রয়োজনীয় পরিষেবা প্রদান করে থাকে। এ প্রতিষ্ঠানসমূহ প্রায়শই স্বতন্ত্র অনুদানের পাশাপাশি ফাউন্ডেশন এবং সরকারের অনুদান কর্তৃক অর্থায়িত হয়ে থাকে। তাদের অনন্য কাঠামো তাদেরকে নমনীয় এবং তারা যে সম্প্রদায়সমূহকে সেবা প্রদান করে থাকে তাদের চাহিদার প্রতি সংবেদনশীল হতে দেয়। NPIs-এর তালিকা ওয়েবসাইট পর্যালোচনা এবং এনজিও ব্যুরো কর্তৃক প্রস্তুত বিভিন্ন প্রকাশনার সহায়তায় প্রস্তুত করা হয়েছিল। এছাড়াও, যে সকল NPIs-র গবেষণা ও উন্নয়নের সাথে সংশ্লিষ্ট থাকার সম্ভাবনা রয়েছে সে সকল NPIs-র সাথে আমাদের কথোপকথন হয়েছে। এ জরিপটি পরিচালনার লক্ষ্যে, বেসরকারি অলাভজনক খাতে মোট ৪৬ টি প্রতিষ্ঠানকে বিবেচনা করা হয়েছিল। মোট ৪৬ টি প্রতিষ্ঠানের মধ্যে ৪১ টি প্রতিষ্ঠান প্রশ্নপত্রের উত্তর প্রদান করেছে।

## ২.৫ সমগ্রকের আকার

এ জরিপের জন্য, সরকারি উচ্চ শিক্ষা উপখাতে সমগ্রকের আকার ১৫১ নির্ধারিত হয়েছিল। অন্যদিকে, সরকারি খাত, ব্যবসা খাত এবং খানা সমূহে সেবা প্রদানকারী NPIs-এর সমগ্রকের আকার ছিল যথাক্রমে ১২৩, ২৯৫ এবং ৪৬। সম্পদ এবং বিদ্যমান সময়ের পরিপ্রেক্ষিতে প্রতিটি সেক্টরের সমগ্রকের আকার সম্পূর্ণ গণনার জন্য যথেষ্ট ব্যবস্থাপনাযোগ্য ছিল। এ সকল বিষয়সমূহ বিবেচনা করে বিশেষজ্ঞ কমিটি এ সিদ্ধান্তে পৌঁছে যে, চারটি ভিন্ন খাতের সমগ্রকের অন্তর্ভুক্ত সকল প্রতিষ্ঠানের পূর্ণ গণনাই শ্রেয়তর হবে।

## ২.৬ উত্তর দাতার হার

উত্তরদাতাদের উত্তর প্রদানের হার সর্বাধিক করার লক্ষ্যে জরিপ দল কর্তৃক সর্বোত্তম প্রচেষ্টা সত্ত্বেও কিছু মাত্রায় উত্তরদাতাদের জবাব প্রদান না করার বিষয়টি পরিলক্ষিত হয়েছে, যদিও সমগ্রকের সকল প্রতিষ্ঠান থেকে তথ্য সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। বাস্তবে, ১৫১ টি কাক্ষিকত বিশ্ববিদ্যালয়ের মধ্যে ১০৮ টি জরিপে অংশ নিয়েছে। অন্যদিকে সরকারি খাতে মোট ১২৩ টি কাক্ষিকত প্রতিষ্ঠানের মধ্যে ৯৫ টি প্রতিষ্ঠান প্রশ্নপত্রসমূহের উত্তর দিয়েছে। ব্যবসায়িক খাতে, মোট ২৯৫ টি কাক্ষিকত প্রতিষ্ঠানের মধ্যে ২৫৩ টি এবং ৪৬ টি বেসরকারি এবং অলাভজনক প্রতিষ্ঠান-এর মধ্যে ৪১ টি প্রতিষ্ঠান জরিপে

sector because it is comprised of NPIs that do not fall under the purview of the business enterprise, government or higher education sectors. Private non-profit institutions provide essential services to society, including healthcare, social services, consumer protection and religious organizations. These institutions are often funded by individual donations, foundations and grants from the government. Their unique structure allows them to be flexible and responsive to the needs of the communities they serve. The list of NPIs was compiled with the assistance of website reviews and a variety of publications produced by the Bureau of NGOs. In addition, we had conversations with NPIs that are likely to be Research and Development performers. To conducting this survey, a total of 46 organizations in the private non-profit sector were formed. Out of total 46 institutions, 41 institutions responded to the questionnaire.

## 2.5 Population size

For this survey, the higher education subsector had a population size of 151. On the other hand, the government sector, business sector, and NPIs serving households sector had, respectively, a population size of 123, 295 and 46. The population size of each sector was manageable enough for a full count in terms of resources and time available. After considering all these points, the expert committee reached the conclusion that it would be beneficial to make a full count of all institutions within the population of the four different sectors.

## 2.6 Response rates

Despite the best efforts made by the survey team to maximize response, some degree of nonresponse was observed despite the decision to collect data from all institutions in the population. A total of 108 out of 151 targeted universities responded to the study. On the other hand, out of a total of 123 targeted institutions in the government sector, as many as 95 institutions provided responses to the questionnaire. In the business sector, out of a total of 295 target institutions, 253 institutions responded to the questionnaire. Similarly, 41 out of 46 private and

তাদের প্রতিক্রিয়া জানিয়েছে। বিভিন্ন খাতের প্রতিক্রিয়ার হার নিম্নের সারণিতে দেখানো হলো।

non-profit institutions responded to the survey. The response rates of different sectors are shown in the following table.

**Table 2.1: Response rate**

Sector	Number of institutions targeted	Number of institutions that responded to the survey	Respond rate
Higher education	151	108	71.52
Government	123	95	77.24
Business	295	253	85.76
Non-profit institutions serving households	46	41	89.13
Total/average	615	497	80.81

## ২.৭ ভর নির্ধারণ

একটি প্রতিষ্ঠানের ভিত্তি ওয়েট হলো তার নির্বাচন সম্ভাবতার বিপরীত। এর মানে হলো, নির্বাচনের সম্ভাবনা যত বেশি, ভিত্তি গুরুত্ব তত কম। ভিত্তি গুরুত্ব প্রতিটি প্রতিষ্ঠানের গুরুত্বের জন্য “প্রারম্ভিক বিন্দু” হিসেবে কাজ করে। এ জরিপে, নমুনা কাঠামোতে অন্তর্ভুক্ত সকল প্রতিষ্ঠানকে অনুসন্ধানের জন্য নির্বাচিত করা হয়েছিল বিধায় প্রতিটি প্রতিষ্ঠানের বিপরীতে ভিত্তি গুরুত্ব ১ বরাদ্দ হয়েছিল। ননরেসপন্স এর বিষয়টি মোকাবেলা করার লক্ষ্যে ভিত্তি ওয়েট সুসমন্বিত করা হয়েছিল। ভিত্তি ওয়েট সুসমন্বিত করার লক্ষ্যে, প্রতিটি উত্তরদাতার গুরুত্ব ০ তে স্থির করা হয়েছিল এবং প্রতিটি উত্তরদাতার ওয়েট ১ এর বেশি একটি ফ্যাক্টর দ্বারা বৃদ্ধি করা হয়েছিল, যাতে উত্তরদাতাদের নমুনার সুসমন্বিত ওয়েটের যোগফল সম্পূর্ণ নমুনাসমূহের অপরিবর্তিত ওয়েটের সমান হয়। জরিপের রেসপন্সসমূহ যাতে করে সমগ্রকের প্রতিনিধিত্ব করতে পারে, তা নিশ্চিত করার লক্ষ্যে এ সমন্বয়টি প্রয়োজন ছিল যদিও কিছু প্রতিষ্ঠান জরিপে অংশ নেয় নাই। এরপর সুসমন্বিত ওয়েটসমূহ প্রতিটি খাতের সমগ্রক ভারযুক্ত গড় গণনা করতে ব্যবহার করা হয়েছিল। নিচের সারণিটিতে জরিপের সুসমন্বিত ওয়েটসমূহ দেখানো হয়েছে।

## 2.7 Determination of weights

The base weight for an establishment is the inverse of its selection probability. This means that the higher the selection probability, the lower the base weight. The base weight serves as the "starting point" for the weight of each institution. In this study, all institutions included in the sampling frame were selected for investigation, and therefore a base weight of 1 was assigned to each of these institutions. The base weight was adjusted to address the nonresponse. For adjusting the base weight, the weight for each nonrespondent was set to 0, and the weight for each respondent was increased by a factor greater than 1 so that the sum of adjusted weights in the sample of respondents equals the sum of unadjusted weights from the full sample. This adjustment was necessary to ensure that the survey responses were still representative of the population, even if some establishments did not respond. The adjusted weights were then used to calculate the overall weighted average for each sector. The following table shows the adjusted survey weights.

**Table 2.2: Weight adjustment**

Sector	Number of institutions targeted	Number of institutions responded	Weight adjustment
Higher education	151	108	1.398
Government sector	123	95	1.2947
Business	295	253	1.1660
Non-profit institutions serving household	46	41	1.1220

## ২.৮ জরিপ উপকরণ

নিম্নে বর্ণিত জরিপ উপকরণসমূহ প্রস্তুত এবং ব্যবহার করা

## 2.8 Survey instrument

Following study instruments were prepared

হয়েছে।

- একটি উপযুক্ত এবং যথাযথ কাঠামোবদ্ধ প্রশ্নপত্র;
- গণনাকারী এবং তদারককারীদের প্রশিক্ষণ নির্দেশিকা; এবং
- গবেষণা ও উন্নয়নে নিয়োজিত বা সম্ভবত নিয়োজিত প্রতিষ্ঠানসমূহের বিস্তারিত এবং সমন্বিত তালিকা।

## ২.৯ প্রশ্নপত্র প্রণয়ন

একটি প্রশ্নপত্র প্রধানত কাজক্ষিত সমগ্রক থেকে তথ্য সংগ্রহের লক্ষ্যে ব্যবহৃত একটি গবেষণা সংশ্লিষ্ট সরঞ্জাম। এ জরিপটি পরিচালনার লক্ষ্যে একটি উপযুক্ত এবং কাঠামোবদ্ধ প্রশ্নপত্র প্রস্তুত করা হয়েছিল। খসড়া প্রশ্নপত্রটি একটি অভ্যন্তরীণ কর্মীগোষ্ঠি কর্তৃক প্রস্তুত করা হয়েছিল অতঃপর অংশীজনের সাথে বিস্তারিত আলোচনার মাধ্যমে সংশোধন করা হয়েছিল। নিচের বৈশিষ্ট্যসমূহ মূল্যায়ন করার লক্ষ্যে খসড়া প্রশ্নপত্রটি পূর্ব পরীক্ষিত হয়েছিল।

- প্রশ্নপত্রটির গঠন এবং প্রশ্নপত্রটিতে ব্যবহৃত পরিভাষাসমূহের উপযুক্ততা পরীক্ষা করা;
- সাক্ষাৎ গ্রহণকারীগণ কর্তৃক প্রশ্নপত্র পূরণ করতে আনুমানিক কতটুকু সময় প্রয়োজন তা জানা;
- উত্তরদাতাদের প্রশ্ন বোঝার ক্ষমতা এবং ইচ্ছার মূল্যায়ন করা;
- বিভিন্ন চলকের পরিমাণগত পরিসর নির্ধারণ করা;
- যৌক্তিক প্রবাহ বা প্রশ্নের অনুক্রম সম্পর্কিত যথার্থতা পরীক্ষা করা;

প্রাক পরীক্ষার সময় উদ্ভূত সমস্যাসমূহের মূল্যায়ন করা-যা প্রকৃত জরিপ পরিচালনার সময়ও দেখা দিতে পারে এবং এ জাতীয় সমস্যার সমাধানসমূহ চিহ্নিত করা।

প্রাক পরীক্ষার ফলাফলের আলোকে খসড়া প্রশ্নপত্রটি আবারও সংশোধন করা হয় এবং প্রকল্প বাস্তবায়ন কমিটিতে (PIC) জমা দেওয়া হয়। প্রকল্প বাস্তবায়ন কমিটি প্রশ্নপত্রটি মূল্যায়ন পূর্বক এর উন্নতির জন্য অসংখ্য পরামর্শ প্রদান করে। PIC's-এর পরামর্শ এবং সুপারিশসমূহ বিবেচনায় নিয়ে প্রশ্নপত্রটি চূড়ান্ত করা হয়।

and used:

- An appropriate and suitable structured questionnaire;
- Training manual for enumerators and supervisors; and
- Detailed and comprehensive list of establishments that are engaged or likely to be engaged in research and development.

## 2.9 Questionnaire design

A questionnaire is a research related tool mainly used to collect data from the desired population. An appropriate and structured questionnaire was prepared for the purpose of conducting this survey. The draft questionnaire was prepared by an internal working group and revised through detailed discussions with participants. The draft questionnaire was pre-tested to assess the following characteristics:

- To test the suitability of the structure of the questionnaire and the terminologies used in the questionnaire;
- To know the appropriate time required to fill-in the questionnaire by the interviewers;
- To evaluate the ability and willingness of the respondents to understand the questions;
- To determine the quantitative range of different variables;
- To test the appropriateness regarding logical flow or sequence of the questions;

To assess problems during the pre-test that would likely be encountered during the actual survey operation and identify solutions for such problems;

The draft questionnaire was further modified considering the findings of the pretest and submitted to the Project Implementation Committee (PIC). The project implementation committee evaluated the questionnaire and made numerous suggestions for improvement. The PIC's suggestions and recommendations were taken into consideration and the questionnaire was finalized.

## ২.১০ তথ্য সংগ্রহকারী এবং তদন্তকারীদের জন্য প্রশিক্ষণ ম্যানুয়াল

একটি সুসমন্বিত এবং প্রায়োগিক প্রশিক্ষণ ম্যানুয়ালের পাশাপাশি গণনাকারী এবং তদন্তকারীদের জন্য তথ্য সংগ্রহ ম্যানুয়াল প্রস্তুত করা হয়েছে। প্রশ্নপত্রটিতে ব্যবহৃত ধারণা, সংজ্ঞা এবং শ্রেণীবিন্যাস প্রশিক্ষণ ম্যানুয়ালটিতে পুঙ্খানুপুঙ্খভাবে ব্যাখ্যা করা হয়েছে। তথ্য সংগ্রহের পদ্ধতি, সম্পর্ক তৈরি এবং উত্তরদাতাদের কাছ থেকে নির্ভরযোগ্য তথ্য সংগ্রহের লক্ষ্যে গণনাকারী এবং তদন্তকারীদের দায়িত্ব প্রশিক্ষণ ম্যানুয়ালটিতে স্পষ্টভাবে বর্ণিত হয়েছে।

## ২.১১ জরিপ কর্মীদের প্রশিক্ষণ

বিবিএস এর যোগ্য ও অভিজ্ঞ কর্মী সদস্যগণ মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত ছিলেন। তাঁদেরকে জরিপের পটভূমি এবং উদ্দেশ্যসমূহের পাশাপাশি জরিপ উপকরণসমূহে ব্যবহৃত ধারণা, পরিভাষা এবং সংজ্ঞাসমূহের উপর পর্যাাপ্ত এবং নিবিড় প্রশিক্ষণ প্রদান করা হয়েছিল। জরিপ কর্মীদের সাক্ষাৎকারের কৌশল এবং নৈতিকতার বিষয়েও নির্দেশনা দেওয়া হয়েছিল, যার মধ্যে কীভাবে উত্তরদাতাদের অ-প্রতিক্রিয়াশীলতা, প্রত্যাখ্যান এবং অন্যান্য সংবেদনশীল বিষয়সমূহ মোকাবেলা করতে হবে তার নির্দেশিকাও অন্তর্ভুক্ত ছিল। অধ্যয়ন সামগ্রীর একটি সমন্বিত সেট প্রশিক্ষণের সম্পূরক হিসেবে ছিল। নিম্নের বিষয়সমূহ প্রশিক্ষণের অন্তর্ভুক্ত ছিল, যদিও একচেটিয়াভাবে নয়:

- উদ্দেশ্য এবং লক্ষ্য সহ জরিপের পটভূমি;
- জরিপের পন্থা এবং পদ্ধতি;
- সংবেদনশীলতার প্রতি বিশেষ মনযোগ সহ সাক্ষাৎকার কৌশল;
- উত্তরদাতার সাথে সম্পর্ক স্থাপন।

## ২.১২ মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ

তথ্য সংগ্রহ হলো আগ্রহ রয়েছে এরূপ বিভিন্ন চলকের তথ্য সংগ্রহ করার প্রক্রিয়া। তথ্য সংগ্রহ হলো যে কোন ধরনের জরিপ বা শুমারির একটি গুরুত্বপূর্ণ দিক। ত্রুটিযুক্ত তথ্য সংগ্রহ একটি জরিপ বা জরিপের ফলাফলের উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে, যা একটি অকার্যকর উপসংহারের দিকে নিয়ে যেতে পারে। এর ফলে ভুল তথ্যের ভিত্তিতে ভুল সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। অতএব, সঠিক এবং নির্ভরযোগ্য তথ্য সংগ্রহের বিষয়টি নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। বাস্তবে, জরিপ এবং শুমারির লক্ষ্য এবং উদ্দেশ্যসমূহের সাফল্য মূলত প্রশ্নপত্রের

## 2.10 Training manual for data collector and supervisors

A comprehensive and operational training manual as well as a data collection manual for enumerators and supervisors was developed. The concept, definition, and classification used in the questionnaire were thoroughly explained in the training manual. Data collection procedures, rapport building, and the responsibility of enumerators and supervisors for the collection of reliable data from the respondents were clearly spelt out in the training manual.

## 2.11 Training of the survey personnel

Qualified and experienced staff members of BBS were engaged in data collection at the field level. They were provided with adequate and intensive training on the background and objectives of the survey, as well as the concepts, terminologies and definitions used in the survey instruments. The surveyors were also given guidance on interview techniques and ethics, including guidelines on how to deal with respondents' non-responsiveness, refusal, and other sensitive issues. The training was supplemented with a comprehensive set of study materials. Though not exclusively, the following topics were covered in the training:

- Background of the survey along with objectives and goals;
- Approach and methodology of the survey;
- A technique of interview with special consideration for the respondents' sensitivity.
- Establish a rapport with the respondents.

## 2.12 Data collection at field level

Data collection is the process of gathering information on different variables of interest. Data collection is an important aspect of any type of survey or census. Inaccurate data collection could have a negative impact on the results of a survey or study, leading to an incorrect conclusion. This could lead to wrong decisions being made based on the wrong information. Therefore, it is important to ensure that data collection is accurate and reliable. The success of the surveys and the census's goals and objectives depends largely on the quality of



মাধ্যমে সংগৃহীত তথ্যের মানের উপর নির্ভর করে। মাঠ পর্যায়ে মানসম্পন্ন তথ্য সংগ্রহের জন্য নিম্নের পদ্ধতি ও কৌশলসমূহ অনুসরণ করা হয়েছে:

- বিবিএস এর অভিজ্ঞ কর্মী সদস্যরা মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত ছিলেন।
- তথ্য সংগ্রহকারীদেরকে সঠিকভাবে এবং পর্যাপ্তভাবে প্রশিক্ষিত করা হয়েছিল;
- জরিপের লক্ষ্য, উদ্দেশ্য, পরিধি, পন্থা ও পদ্ধতি এবং জরিপ উপকরণের উপর তথ্য সংগ্রহকারীগণকে নিবিড় প্রশিক্ষণ প্রদান করা হয়েছিল;
- উচ্চপর্যায়ের বিবিএস কর্মকর্তাগণ মাঠে তথ্য সংগ্রহের তদারকির জন্য গিয়েছিলেন।
- একটি প্রমিত এবং প্রাক-কোডেড প্রশ্নাবলীর সাহায্যে তথ্য সংগ্রহকারীগণ ব্যক্তিগতভাবে সাক্ষাৎকার পরিচালনা করেছেন।

the data gathered through the questionnaire. The following methods and techniques were followed for quality data collection at the field level:

- Experienced staff members of the BBS were engaged to collect data at field level;
- Data collectors were trained properly and adequately.
- Intensive training was imparted to the data collectors on the survey goals, objectives, scope, survey approach, methodology, and the survey instruments;
- Senior BBS personnel were sent out to oversee data collection in the field.
- With the aid of a standardized and pre-coded questionnaire, data collectors conducted in-person interviews.

## ২.১৩ তথ্য প্রক্রিয়াকরণ এবং শুদ্ধতা যাচাই

সকল পূরনকৃত প্রশ্নপত্রের ত্রুটি অনুসন্ধানসহ সম্পাদনা ও কোডিং করা হয়েছিল। সতর্কতার সাথে যাচাই-বাছাই করার পর স্থাপিত সফটওয়্যারে তথ্যসমূহ প্রবেশ করানোর লক্ষ্যে প্রশ্নসমূহ কম্পিউটার অপারেটরদের নিকট পাঠানো হয়েছিল। পুরো প্রক্রিয়াটি একজন প্রোগ্রামারের নিবিড় তত্ত্বাবধানে এবং নির্দেশনায় সম্পাদিত হয়েছিল। একজন প্রোগ্রামার একটি উপযুক্ত কম্পিউটার প্রোগ্রাম ব্যবহার করে একটি ডেটা প্রসেসিং লেআউট তৈরি করে। একবার প্রাথমিক ডাটাবেস তৈরি হয়ে গেলে, সমস্ত তথ্যের যথার্থতা এবং অভ্যন্তরীণ সামঞ্জস্যের জন্য পরীক্ষা করা হয়েছিল। সফটওয়্যার তারপরে গবেষককে পরিচ্ছন্ন এবং সংক্ষিপ্তভাবে তথ্যসমূহ চিত্রিত করার লক্ষ্যে সারণি এবং গ্রাফ প্রদান করার অনুমতি প্রদান করে। SPSS এবং অন্যান্য সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে সকল পরিসংখ্যান সারণি প্রস্তুত করা হয়েছিল।

## 2.13 Data processing and validation

All field-in questionnaires were debugged, edited and coded. After scrutiny, the filled-in questionnaires were then sent to the computer operators for data entry with the software installed for this purpose. The entire process was carried out under the close supervision and guidance of a programmer. A programmer developed a data processing layout using an appropriate computer pregame. Once the preliminary database was developed, all the information was tested for validity and internal consistency. The software then allowed the researchers to generate tables and graphs to illustrate the data in a clear and concise manner. All the statistical tables were prepared on the microcomputer using SPSS and other software.

## ২.১৪ উপাত্ত প্রস্তুত প্রক্রিয়া

এ জরিপের জন্য উপাত্ত উৎপাদন প্রক্রিয়ায় নিম্নের পদক্ষেপ সমূহ নেওয়া হয়েছিল।

### (ক) পরিকল্পনা পর্ব

- জরিপের প্রয়োজনীয়তা চিহ্নিত করণ;
- পদ্ধতি এবং সংজ্ঞা বিধিবদ্ধ করণ।

## 2.14 Data Generation process

The following steps were taken in the data production process for this survey.

### Planning phase

- Identification of the need for the survey;
- Establish methodology and definitions.

## (খ) বাস্তবায়ন পর্ব

- জরিপ প্রশ্নপত্র প্রণয়ন;
- জরিপ কৌশল বাস্তবায়ন;
- তথ্য ভান্ডার নির্বাচন;
- তথ্য প্রক্রিয়াকরণ;
- তথ্য নিক্ষেপন;
- তথ্য সংক্ষিপ্তকরণ এবং বিশ্লেষণ;
- তথ্য বিতরণ; এবং
- ভবিষ্যৎ কর্মকাণ্ডের জন্য মূল্যায়ন এবং নির্দেশিকা।

উৎপাদন প্রক্রিয়ার দুর্বলতাসমূহ চিহ্নিত করার লক্ষ্যে পুরো প্রক্রিয়াটির একটি মূল্যায়ন প্রয়োজন ছিল। এটি আগামী বছরগুলোতে ভবিষ্যতের প্রোগ্রামিং অনুশীলনের সহায়ক হবে। এছাড়াও, উৎপাদন প্রক্রিয়ার কোন কোন ক্ষেত্রে উন্নয়নের প্রয়োজন তা চিহ্নিত করার জন্যও প্রক্রিয়াটি বিশ্লেষণ করা গুরুত্বপূর্ণ ছিল। তদুপরি, এটি আগামী বছরগুলোতে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের সহায়ক হবে।

### ২.১৫ জরিপের সীমাবদ্ধতা

এ জরিপটি কার্যকরভাবে পরিচালনার লক্ষ্যে সকল পদ্ধতিগত এবং নমুনা সংশ্লিষ্ট দিকগুলোর পাশাপাশি উচ্চস্তরের পেশাদারিত্ব এবং নির্ভুলতা অনুসরণ ও ব্যবহার করা হয়েছিল। তারপরও, জরিপটিতে কিছু সমস্যা এবং সীমাবদ্ধতা রয়েছে, যা নিম্নে বর্ণিত হয়েছে:

- জরিপ বা শুমারি থেকে জরিপ কাঠামো পাওয়া যায়নি। জরিপ দলের সদস্যরা ওয়েবসাইট পর্যালোচনা, বিভিন্ন সাময়িকী পাঠ এবং গবেষণা ও উন্নয়ন কার্যক্রমের সাথে জড়িত থাকার সম্ভাবনা খুবই বেশি এরূপ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে কাঠামো প্রস্তুত করেছে, যা প্রতিষ্ঠানের একটি তালিকা। জরিপ দলকে সাম্প্রতিক তথ্যের প্রাপ্যতা এবং জরিপ কাঠামোতে সম্ভাব্য সকল R&D পারফরমারকে অন্তর্ভুক্ত করার বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে এটি করা হয়েছিল। তথাপি প্রস্তুতকৃত তালিকা কাঠামোটিতে পরিপূর্ণতার সামান্য ঘাটতি রয়েছে।
- এমন কিছু প্রতিষ্ঠান থাকতে পারে যারা R&D ব্যয়ের তথ্য প্রদান করেছে, কিন্তু R&D সম্পর্কে তাদের ধারণা FM ম্যানুয়াল থেকে ভিন্ন এবং প্রকৃত অর্থে এ প্রতিষ্ঠানসমূহ R&D কার্যক্রমে অংশগ্রহণ করেনি।

## 2. Execution phase

- Formulation of survey questionnaire;
- Implementation of survey strategy;
- Selection of data set;
- Data processing;
- Data extraction;
- Data summarization and analysis;
- Data dissemination; and
- Evaluation and guidelines for future actions.

An evaluation of the whole process was necessary to identify the weaknesses in the production process. This will be helpful for future programming exercises in the years to come. Besides, it was important to conduct an analysis of the entire process to locate areas for improvement in the production process. Moreover, this will be helpful for a variety of programming tasks in the years to come.

### 2.15 Limitation of the survey

To conduct this survey effectively all methodological and sampling aspects were followed and used with high levels of professionalism and accuracy. Even then, the survey has some issues and limitations, as described below:

- The survey frame could not be obtained from a survey or census. Members of the survey team created the survey frame, which is a list of establishments, by reviewing websites, reading a variety of periodicals, and making direct contact with institutions that are very likely to be involved in R&D operations. This was done to ensure that the survey team had access to the most up-to-date information available and that all potential R&D performers were included in the survey frame. Even though, the list frame constructed may be slightly lacking in terms of its exhaustiveness,
- There may have been a few institutions that provided information on R&D expenditures, but their conception of R&D differed from the FM manual and in a real sense, these institutions were not actually participating in R&D. Therefore, this survey may have

অতএব, এ জরিপটিতে গবেষণা ও উন্নয়ন ব্যয়ের পরিমাণ কিছুটা অতিমাত্রায় দেখানো হয়ে থাকতে পারে।

- যেহেতু, এটি একটি শুমারি, তাই এ পরিসংখ্যানিক অনুশীলনটিতে নমুনায়ন ত্রুটির সাথে সম্পর্কিত সমস্যা নাই। অ-নমুনায়ন ত্রুটিসমূহ নমুনায়নের সাথে সম্পর্কিত নয় বিধায় এ জরিপটিতে অ-নমুনায়ন ত্রুটি রয়েছে। অ-নমুনায়ন ত্রুটি যেমন কভারেজ ত্রুটি, পরিমাপ ত্রুটি, নন-রেসপন্স ত্রুটি এবং প্রক্রিয়াকরণ ত্রুটি এ জরিপের বিভিন্ন ক্ষেত্রে থাকতে পারে।
- এ জরিপে বিশ্বের অবশিষ্ট অংশে (খাতে) গবেষণা ও উন্নয়নে ব্যয় করা অর্থ নির্ধারণের কোনো চেষ্টা করা হয়নি। এ খাতটি প্রাসঙ্গিক ইউনিটগুলোর অনাবাসিক অবস্থার উপর ভিত্তি করে সংজ্ঞায়িত করা হয়। বিশ্বের অবশিষ্ট অংশে সমস্ত অনাবাসিক প্রাতিষ্ঠানিক ইউনিট রয়েছে যা আবাসিক ইউনিটগুলোর সাথে লেনদেন করে বা আবাসিক ইউনিটগুলোর সাথে অন্যান্য অর্থনৈতিক সম্পর্ক রয়েছে।
- আমাদের দেশের সামরিক ব্যয়ের সাথে যুক্ত গবেষণা ও উন্নয়ন ব্যয় যদি থাকে, তা এ জরিপের মাধ্যমে সংগ্রহ করা হয়নি। এক্ষেত্রে, আমরা আমাদের দেশে গবেষণা ও উন্নয়নে সামরিক ব্যয়ের প্রভাব সম্পর্কে কোন ধারণা দিবে প্রদান করতে পারেনি।

overestimated the amount of money spent on research and development.

- Because it was a census, this survey did not suffer from the problems associated with sampling error. Non-sampling errors are not related to sampling, and therefore this statistical exercise suffered from non-sampling errors. Non-sampling errors such as coverage errors, measurement errors, non-response errors and processing errors may occur in all aspects of this survey process.
- This survey did not make any attempt to determine the amount of money spent on research and development in the rest of the world (sector). This sector is defined based on the non-residence status of the relevant units. The rest of the world sector consists of all non-resident institutional units that enter transactions with resident units or have other economic links with resident units.
- The data on research and development expenditures, if there are any, connected to our country's military spending were not collected through this survey. As such, we cannot provide any insights on the impact of military spending on research and development in our country.

## Chapter III

ତୃତୀୟ ଅଧ୍ୟାୟ

## Concepts and Definitions

ଧାରଣା ଏବଂ ସଂଜ୍ଞା



## তৃতীয় অধ্যায় ধারণা এবং সংজ্ঞা

জরিপ পদ্ধতির যে কোন অস্পষ্টতা এড়ানোর জন্য মৌলিক ধারণা, সংজ্ঞা এবং শ্রেণীবিভাগ অনুধাবন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। জরিপ প্রতিবেদনটিকে আরও পাঠক বান্ধব করার লক্ষ্যে জরিপে ব্যবহৃত বিভিন্ন মৌলিক ধারণা, সংজ্ঞা এবং শ্রেণীবিন্যাসের একটি বিশদ ব্যাখ্যা এ অধ্যায়ে প্রদান করা হয়েছে। এ জরিপে ব্যবহৃত সংজ্ঞাসমূহ গবেষণা ও উন্নয়ন সংশ্লিষ্ট উচ্চ মানের বৈজ্ঞানিক গবেষণায় ব্যবহৃত সংজ্ঞাগুলোর সাথে সামঞ্জস্যপূর্ণ। এ প্রকাশনায় ব্যবহৃত ধারণা, সংজ্ঞা এবং শ্রেণীবিন্যাসসমূহ ইউনেস্কো কর্তৃক ২০১৫ সালে প্রকাশিত ‘Frascati Manual’ অনুসরণ করা হয়েছে।

### ধারণা এবং সংজ্ঞা

**গবেষণা ও উন্নয়ন:** গবেষণা ও উন্নয়ন (R&D) নিয়মতান্ত্রিকভাবে গৃহীত একটি সৃজনশীল কাজ, যা জ্ঞানের পরিধি বৃদ্ধি করে, মানবজাতি, সংস্কৃতি এবং সমাজ সংশ্লিষ্ট জ্ঞানসহ বিদ্যমান জ্ঞানের নতুন প্রায়োগিক উদ্ভাবন কাজে ব্যবহৃত হয়ে থাকে।

এ কার্যকলাপটির নিচের বৈশিষ্ট্যসমূহ থাকতে হবে:

- অভিনব/ অপূর্ববিদিত (লক্ষ্য হলো নতুন কিছু অনুসন্ধান)
- সৃজনশীল (মূল ধারণার ওপর ভিত্তি করে পরিচালিত, যা স্পষ্ট নয়)
- অনিশ্চিত (ফলাফল, ব্যয়, বরাদ্দকৃত সময় পূর্ববিদিত নয়)
- প্রণালীবদ্ধ (পরিকল্পিত এবং অর্থায়িত)
- হস্তান্তরযোগ্য এবং/ অথবা পুনরুৎপাদনযোগ্য (নব লব্ধ জ্ঞান স্থানান্তর যোগ্য/ ফলাফল পুনরুৎপাদন যোগ্য)

**গবেষণার ধরনঃ** গবেষণা ও উন্নয়ন শব্দটি তিন ধরনের কার্যকলাপকে অন্তর্ভুক্ত করে: (ক) মৌলিক গবেষণা (খ) ফলিত গবেষণা এবং (গ) পরীক্ষামূলক উন্নয়ন।

**মৌলিক গবেষণাঃ** মৌলিক গবেষণা হলো পরীক্ষামূলক বা তাত্ত্বিক কাজ, যা প্রধানত বিশেষ প্রয়োগ বা ব্যবহার ছাড়াই ঘটনা এবং পর্যবেক্ষনযোগ্য তথ্যের অন্তর্নিহিত ভিত্তি সম্পর্কে নতুন জ্ঞান অর্জনের জন্য করা হয়ে থাকে।

## Chapter III Concepts and Definitions

It is crucial to comprehend the fundamental concepts, definitions and classifications in order to avoid any ambiguity in the survey approach. This chapter includes a detailed clarification of the basic idea of the various concepts, definitions and classifications used to make this survey report more reader-friendly. The definitions used in this survey are consistent with those used in high-quality scientific studies of research and development. These concepts and definitions are aligned to the concepts, definitions, classifications stated in the Frascati Manual 2015, published by UNESCO.

### Concepts and definition

**Research and Development:** Research and Development (R&D) comprise creative and systematic work undertaken to increase the stock of knowledge-including knowledge of humankind, culture and society as well as to devise new applications of available knowledge.

This activity must have the following criteria:

- Novel (aimed at new findings)
- Creative ((based on original concepts; not obvious)
- Uncertain (outcome, cost, time allocation not known a priori)
- Systematic (planned and budgeted)
- transferable and/or reproducible (potential to transfer new knowledge/reproduce results).

**Types of research:** The term research and development cover three types of activity: (i) Basic research (ii) Applied research and (iii) experimental development.

**Basic research:** Basic research is experimental or theoretical work undertaken primarily to acquire new knowledge of the underlying foundations of phenomena and observable facts, without any application or use in view.

**ফলিত গবেষণাঃ** ফলিত গবেষণা হলো নতুন জ্ঞান অর্জনের জন্য গৃহীত মূল তদন্ত। এটি প্রধানত একটি নির্দিষ্ট ব্যবহারিক লক্ষ্য বা উদ্দেশ্য নিয়ে পরিচালিত হয়ে থাকে।

**পরীক্ষামূলক উন্নয়নঃ** পরীক্ষামূলক উন্নয়ন হলো একটি নিয়মতান্ত্রিক কাজ, যা গবেষণা এবং বাস্তব অভিজ্ঞতা থেকে প্রাপ্ত জ্ঞানের ভিত্তিতে অতিরিক্ত জ্ঞান সৃষ্টি করে এবং নতুন পণ্য বা প্রক্রিয়া সৃষ্টি বা বিদ্যমান পণ্য বা প্রক্রিয়াসমূহকে উন্নয়ন করার জন্য নির্দেশিত।

**R&D কর্মীঃ** R&D কর্মী সংশ্লিষ্ট তথ্য R&D কার্যক্রমে জড়িত মানব সম্পদের পরিমাণ পরিমাপ করে। R&D-এ সরাসরি নিযুক্ত সকল ব্যক্তিদের পাশাপাশি যারা সরাসরি পরিষেবা প্রদান করে থাকে। যেমন, R&D ব্যবস্থাপক, প্রশাসক এবং করণিকদেরকেও R&D কর্মীর অন্তর্ভুক্ত করতে হবে। ক্যান্টিন এবং নিরাপত্তা কর্মীদের মতো পরোক্ষ পরিষেবা প্রদানকারী ব্যক্তিদেরকে বাদ দিতে হবে যদিও তাদের মজুরী এবং বেতন ব্যয় পরিমাপের সময় ওভারহেড ব্যয় হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। R&D কর্মীদের নিম্নের তিন ধরনের পেশার মধ্যে যে কোন একটির অধীনে শ্রেণীবদ্ধ করা যেতে পারে:

- গবেষক
- প্রযুক্তিবিদ এবং সমতুল্য কর্মী
- অন্যান্য সহায়ক কর্মী

**গবেষকঃ** গবেষকগণ এক ধরনের পেশাদার ব্যক্তি, যারা নতুন জ্ঞান, পণ্য, প্রক্রিয়া, পদ্ধতি এবং সিস্টেম সংশ্লিষ্ট ধারণা প্রদান বা সৃষ্টির কাজসহ প্রকল্পসমূহের পরিচালনায় নিয়োজিত থাকেন। একজন গবেষকের কাজের বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত দিকগুলোর পরিকল্পনা এবং ব্যবস্থাপনায় নিয়োজিত পরিচালক এবং প্রশাসকরাও এর মধ্যে অন্তর্ভুক্ত। গবেষণা ও উন্নয়নে নিয়োজিত পিএচডি স্তরে স্নাতকোত্তর ছাত্রদের গবেষক হিসেবে বিবেচনা করা উচিত।

**প্রযুক্তিবিদ/সমতুল্য কর্মীঃ** প্রযুক্তিবিদ/সমতুল্য কর্মীরা হলেন এমন ব্যক্তি যাদের প্রধান কাজগুলোর জন্য প্রকৌশল, ভৌত এবং জীবন বিজ্ঞান এবং/অথবা সামাজিক বিজ্ঞান এবং মানবিকের এক বা একাধিক ক্ষেত্রে প্রযুক্তিগত জ্ঞান এবং অভিজ্ঞতার প্রয়োজন। তাঁরা সাধারণত গবেষকদের তত্ত্বাবধানে ধারণা এবং অপারেশনাল পদ্ধতির প্রয়োগ সংশ্লিষ্ট বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত কাজ সম্পাদনের মাধ্যমে R&D কার্যক্রমে অংশ গ্রহণ করে থাকে। সমতুল্য কর্মীরা সমাজ বিজ্ঞান এবং মানবিকের গবেষকদের তত্ত্বাবধানে সংশ্লিষ্ট R&D সম্পর্কিত কার্য সম্পাদন করে থাকে।

**Applied research:** Applied research is original investigation undertaken to acquire new knowledge. It is directed primarily towards a specific, practical aim or objective.

**Experimental development:** Experimental development is a systematic work, drawing on knowledge gained from research and practical experience and producing additional knowledge, which is directed to producing new products or processes or to improving existing products or processes.

**R&D personnel:** R&D personnel data measure the quantum of human resources involved in R&D activities. All persons employed directly in R&D should be counted as well as those providing direct services such as R&D managers, administrators and clerical staff. Persons providing an indirect service such as canteen and security staff should be excluded even though their wages and salaries are included as an overhead cost when measuring expenditure. R&D personnel can be classified under one of the following three types of occupations:

- Researchers
- Technicians and equivalent staff
- Other supporting staff

**Researchers:** Researchers are professionals engaged in the conception or creation of new knowledge, products, processes, methods and systems and also in the management of the projects concerned. Managers and administrators engaged in the planning and management of the scientific and technical aspects of a researcher's work also fall into this category. Postgraduate students at the PhD level engaged in R&D should be considered researchers.

**Technicians/equivalent staff:** Technician/equivalent staff are persons whose main tasks require technical knowledge and experience in one or more fields of engineering, physical and life sciences and/or social sciences and humanities. They participate in R&D by performing scientific and technical tasks, involving the application of concepts and operational methods, normally under the supervision of researchers. Equivalent staff performs the corresponding R&D tasks under the supervision of researchers in the social sciences and humanities.



**অন্যান্য সহায়ক কর্মী:** অন্যান্য সহায়ক কর্মীদের মধ্যে রয়েছে দক্ষ এবং অদক্ষ কারিগর, সাচিবিক এবং করণিক কর্মী, যারা R&D প্রকল্পে অংশগ্রহণকারী বা এ জাতীয় প্রকল্পের সাথে সরাসরি যুক্ত। এ শিরোনামের অধীনে সকল ব্যবস্থাপক এবং প্রশাসকদের অন্তর্ভুক্ত করা হয়েছে, যারা মূলত আর্থিক এবং কর্মী সংক্রান্ত বিষয়গুলোর পাশাপাশি সাধারণ প্রশাসনের বিষয়টিও দেখভাল করে, যতক্ষণ পর্যন্ত তাঁদের এ সকল কার্যক্রম সরাসরি R&D এর পরিষেবা হিসেবে বিবেচিত হবে।

**R&D ব্যয়:** গবেষণা ও উন্নয়ন ব্যয় হলো জ্ঞানের পরিধি বৃদ্ধি এবং নতুন অ্যাপ্লিকেশন প্রস্তুতে এ জ্ঞান ব্যবহার করার জন্য নিয়মতান্ত্রিকভাবে সৃজনশীল কাজে ব্যয় করা অর্থ।

**অভ্যন্তরীণ ব্যয়:** তহবিলের উৎস যাই হোক না কেন, অভ্যন্তরীণ ব্যয় হলো R&D এর জন্য সমস্ত ব্যয়, যা একটি নির্দিষ্ট সময়ে একটি নির্দিষ্ট প্রতিষ্ঠানের মধ্যে সম্পাদিত হয়ে থাকে। পরিসংখ্যানিক সেক্টরের বাইরে কিন্তু অভ্যন্তরীণ R&D এর জন্য ব্যয়িত অর্থও (যেমন, R&D এর জন্য সরবরাহ ক্রয়) এর মধ্যে অন্তর্ভুক্ত।

**বহির্মুখী ব্যয়:** বহির্মুখী ব্যয়ের মধ্যে পরিসংখ্যানিক এককের বাইরে ব্যয় করা সমস্ত R&D ব্যয় অন্তর্ভুক্ত। এ তথ্যসমূহ অভ্যন্তরীণ ব্যয়ের উপর সংগৃহীত তথ্যের একটি প্রয়োজনীয় পরিপূরক। এ বহির্মুখী ব্যয়ের তথ্য দেশীয় প্রতিষ্ঠান কর্তৃক অর্থায়িত কিন্তু বিদেশে সম্পাদিত গবেষণা ও উন্নয়ন পরিসংখ্যান প্রদানের জন্য অপরিহার্য।

**R&D সংশ্লিষ্ট চলতি ব্যয়:** চলতি ব্যয় R&D সংশ্লিষ্ট কর্মীদের শ্রম ব্যয় এবং R&D সংশ্লিষ্ট কাজে ব্যবহৃত অন্যান্য চলতি ব্যয়ের সমন্বয়ে গঠিত। পরিষেবা এবং অন্যান্য দ্রব্য সামগ্রী (যন্ত্রপাতি/সরঞ্জামসহ), যা ব্যবহারের ফলে এক বছরের মধ্যে নিঃশেষ হয়ে গিয়েছে, তা চলতি ব্যয় হিসেবে বিবেচিত হবে। স্থায়ী সম্পদ ব্যবহারের জন্য বার্ষিক ফি বা ভাড়া চলতি ব্যয়ের অন্তর্ভুক্ত হবে।

**শ্রম ব্যয়:** শ্রম ব্যয়ের মধ্যে R&D সংশ্লিষ্ট কাজে নিয়োজিত কর্মীদের (যাকে অভ্যন্তরীণ R&D কর্মী বলা হয়) ক্ষতিপূরণ অন্তর্ভুক্ত, যেমন বার্ষিক মজুরি ও বেতনসহ সংশ্লিষ্ট সকল ব্যয় বা সুবিধা, যেমন বোনাস, স্টক বিকল্প এবং ছুটিকালীন বেতন। অধিকন্তু, পেনশন তহবিলে অবদান এবং অন্যান্য সামাজিক নিরাপত্তা সংশ্লিষ্ট ব্যয়, পেরোল ট্যাক্স এর মধ্যে অন্তর্ভুক্ত। এটি গুরুত্বপূর্ণ যে, অভ্যন্তরীণ R&D সংশ্লিষ্ট কাজে সরাসরি অবদান রাখে, এরূপ ব্যক্তিদের শ্রম ব্যয়ই এর মধ্যে অন্তর্ভুক্ত

**Other supporting staff:** Other supporting staff includes skilled and unskilled craftsmen, secretarial and clerical staff participating in R&D projects or directly associated with such projects. Included under this heading are all managers and administrators who deal mainly with financial and personnel matters as well as general administration, insofar as their activities are a direct service to R&D.

**R&D expenditure:** R&D expenditure is the money spent on creative work undertaken on a systematic basis to increase the stock of knowledge and the use of this knowledge to devise new applications.

**Intramural expenditures:** Intramural expenditure are all expenditures for R&D performed within a statistical unit during a specific period-whatever the source of funds. Expenditures made outside the statistical unit or sector but in support of intramural R&D (e.g. purchase of supplies for R&D) are included.

**Extramural expenditures:** Extramural expenditures includes all the R&D expenditures spent outside of the statistical unit. Those data are a useful supplement to the information collected on intramural expenditures. These extramural expenditure data are essential for providing statistics on R&D performed abroad but financed by domestic institutions.

**Current R&D expenditure:** Current expenditures are composed of labour costs of R&D personnel and other current costs used in R&D. Services and items (including equipment) used and consumed within one year are current expenditures. Annual fees or rents for the use of fixed assets should be included in current expenditures.

**Labour cost:** Labour costs comprise compensation for employed R&D personnel (called internal R&D personnel), such as annual wages and salaries and all associated costs or fringe benefits, such as bonus payments, stock options and holiday pay, in addition to contributions to pension funds and other social security payments, payroll taxes, etc. It is important to include only labour costs for employed persons when they make a direct



হবে, বিশেষ করে যদি এধরনের ব্যক্তির R&D কার্যক্রমে সম্পূর্ণ সময় কাজ না করে। উদাহরণস্বরূপ, একজন ব্যক্তি R&D ইউনিটে নিযুক্ত হলেই এটি ধরে নেওয়া যায় না যে, তার সকল শ্রম ব্যয় R&D কার্যক্রমের জন্যই হয়েছে।

**অন্যান্য চলতি ব্যয়:** অন্যান্য চলতি ব্যয় দ্রব্য সামগ্রী, সরবরাহ এবং সাজসরঞ্জামের অ-মূলধন ক্রয়কে অন্তর্ভুক্ত করে, যা R&D কার্যক্রম পরিচালনায় সহায়তা করে। এর মধ্যে পানি, গ্যাস এবং বিদ্যুৎসহ বই, জার্নাল, প্রাসঙ্গিক উপকরণ, লাইব্রেরী, বৈজ্ঞানিক সমিতি ইত্যাদির বিপরীতে প্রদত্ত চাঁদাও অন্তর্ভুক্ত। গবেষণাগারের জন্য উপকরণ যেমন রাসায়নিক, প্রাণী, অন-সাইট পরামর্শদাতাদের জন্য খরচ; প্রশাসনিক এবং অন্যান্য ওভারহেড খরচ (যেমন অফিস, বীমা ডাক এবং টেলিযোগাযোগ); পরীক্ষা পরিষেবাসমূহের জন্য খরচ (যেমন নিরাপত্তা, গুদাম কম্পিউটার পরিষেবা, গবেষণা ও উন্নয়ন প্রতিবেদনের মুদ্রণ এবং ভবন ও সরঞ্জামের ব্যবহার, মেরামত ও রক্ষণাবেক্ষণ) এবং R&D কার্যক্রমে সংশ্লিষ্ট নয়, এরূপ কর্মীদের শ্রম ব্যয়ও এর অন্তর্ভুক্ত।

**R&D সংশ্লিষ্ট মূলধন ব্যয়:** R&D সংশ্লিষ্ট মূলধন ব্যয় হলো এক বছর বা তারও বেশি সময় ধরে R&D -এর কার্য সম্পাদনে বারবার বা ক্রমাগত ব্যবহারের নিমিত্ত স্থায়ী সম্পদ অধিগ্রহণের জন্য বছরে মোট প্রদত্ত অর্থের পরিমাণ।

**গবেষণা ও উন্নয়নে স্থূল দেশজ ব্যয় (GERD):** GERD হলো R&D ব্যয়ের জন্য প্রস্তাবিত সমষ্টি। GERD হলো কোন একটি নির্দিষ্ট সময় দেশের মধ্যে সম্পাদিত R&D সংশ্লিষ্ট কার্যক্রমে মোট অভ্যন্তরীণ ব্যয়। এটি দেশের মধ্যে সম্পাদিত; কিন্তু বিদেশ থেকে অর্থায়িত R&D কার্যক্রম অন্তর্ভুক্ত করে; কিন্তু দেশ থেকে অর্থায়িত হলেও বিদেশে সম্পাদিত R&D সংশ্লিষ্ট কার্যক্রম এর অন্তর্ভুক্ত হবে না। GERD চারটি সম্পাদনকারী খাতের (যেমন-উচ্চ শিক্ষা, সরকার, ব্যবসায়িক উদ্যোগ এবং অলাভজনক) মোট অন্তর্বর্তী ব্যয় নিয়ে গঠিত।

**গবেষণা ও উন্নয়নে স্থূল জাতীয় ব্যয় (GNERD):** GNERD আরেকটি প্রয়োজনীয় সমষ্টি। এটি একটি নির্দিষ্ট সময়ের মধ্যে একটি দেশের প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অর্থায়িত R&D এর মোট ব্যয়কে অন্তর্ভুক্ত করে। এ সমষ্টির মধ্যে বিদেশে সম্পাদিত R&D, যা জাতীয় প্রতিষ্ঠান বা দেশে বসবাসরত ব্যক্তিবর্গ কর্তৃক অর্থায়িত, অন্তর্ভুক্ত করা হয়ে থাকে। পক্ষান্তরে, দেশের মধ্যে সম্পাদিত কিন্তু বিদেশ থেকে অর্থায়িত R&D বাদ দেওয়া হয়। GNERD প্রতিটি

contribution to intramural R&D, especially if such persons do not work full-time on R&D activities. Just because a person is employed in an R&D unit, for example, it cannot be assumed that all his labour costs are for R&D activities.

**Other current costs :** Other current cost, which encompass non-capital purchases of materials, supplies and equipment to support R&D, including water, gas and electricity; books, journals, reference materials, subscriptions to libraries, scientific societies, etc.; materials for laboratories such as chemicals or animals; costs for on-site consultants; administrative and other overhead costs (e.g. office, insurance, post and telecommunications); costs for indirect services (e.g. security, storage, computer services, printing of R&D reports and the use, repair and maintenance of buildings and equipment); and labour costs of non-R&D personnel.

**Capital R&D expenditures:** Capital R&D expenditures are the annual gross amount paid for the acquisition of fixed assets that are used repeatedly or continuously in the performance of R&D for more than one year.

**Gross domestic expenditure on R&D (GERD):** GERD is the recommended aggregate for R&D expenditure. GERD is the total intramural expenditure on R&D performed in the national territory during a given period. It includes R&D performed within a country and funded from abroad but excludes payments for R&D performed abroad. GERD consists of the total of intramural expenditures of the four performing sectors (i.e. higher education, government, business enterprise and not-for-profit).

Culture, recreation, religion and mass media	3.07	3.01	3.02
Political and social systems, structures and process	3.28	3.59	3.17
General advancement of knowledge	2.20	2.17	2.17
Defence	1.01	1.00	0.99
<b>Total</b>	<b>100.00</b>	<b>100.00</b>	<b>100.00</b>

**৫.৬ কর্মসংস্থানের ধরন অনুযায়ী মজুরি এবং বেতন**

নিচের সারণিটি কর্মসংস্থানের ধরন অনুসারে মোট মজুরি এবং বেতনের বিন্যাস চিহ্নিত করে। নিচের সারণি থেকে জানা যায় যে, ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে গবেষকদের মজুরি ও বেতনের জন্য যথাক্রমে ১২১২৬.২৭ মিলিয়ন টাকা (৫৭.৩১%), ১১৪৫৩.৭৪ মিলিয়ন টাকা (৫৫.৪৪%) এবং ১১৯৬৭.৩৪ মিলিয়ন টাকা (৫৭.৫১%) ব্যয় করা হয়েছে। পক্ষান্তরে, ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে গবেষণা ও উন্নয়নের সাথে জড়িত অন্যান্য সহায়ক কর্মীরা পেয়েছেন যথাক্রমে ৪২৫৩.৫১ মিলিয়ন টাকা (২০.১০%), ৪৪৮৮.০৮ মিলিয়ন টাকা (২১.৭২%) এবং ৪৩৮.৪৫ মিলিয়ন টাকা

**5.6 Wages and salaries by type of employment**

The table below illustrates the distribution of total wages and salaries by type of employment. It is revealed from the following table that TK.12126.27 million (57.31%), TK.11453.74 million (55.44%), and TK.11967.34 million (57.51%) were expended for wages and salaries of researchers, respectively, in 2018-19, 2019-20 and 2020-21. On the other hand, the other supporting staff related to research and development received TK. 4253.51 million (20.10%), TK. 4488.08 million (21.72%), and TK. 4388.45 million (21.09%) in 2018-19, 2019-20, and 2020-21, respectively. On the other hand, the remuneration for technicians exhibited the lowest proportions, amounting to a


(২১.০৯%)। অপরদিকে, ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে প্রযুক্তিবিদদের পারিশ্রমিক সর্বনিম্ন অনুপাত প্রদর্শন করে, যার পরিমাণ যথাক্রমে ৭.২১%, ৬.৯০% এবং ৬.১৬%।

mere 7.21%, 6.90% and 6.16% during the fiscal years of 2018–19, 2019–20 and 2020–21, respectively.

**Table 5.6: Wages and salaries by type of employment**

(Million Taka)			
Wages and salary by type	2018-19	2019-20	2020-21
Researchers	12126.27	11453.74	11967.34
Technicians	1525.14	1426.40	1281.53
Other supporting staff involved in research & development	4253.51	4488.08	4388.45
Other staff not directly involved in research & development	3253.29	3291.33	3173.20
Total wages and salary	21158.21	20659.54	20810.52
Percentage			
Researchers	57.31	55.44	57.51
Technicians	7.21	6.90	6.16
Other supporting staff involved in research & development	20.10	21.72	21.09
Other staff not directly involved in research & development	15.38	15.93	15.25
Total	100.00	100.00	100.00

**Figure 5.4: Percentage of Wages and salaries by type of employment**



#### ৫.৭ খাত ভিত্তিক মজুরি এবং বেতন

নিচের সারণিতে উপস্থাপিত তথ্য অনুসারে ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে মজুরি এবং বেতনের বিপরীতে ব্যয়িত মোট অর্থের পরিমাণ যথাক্রমে ২১১৫৮.২১ মিলিয়ন টাকা, ২০৬৫৯.৫৪ মিলিয়ন টাকা এবং ২০৮১০.৫২ মিলিয়ন টাকা। সর্বোচ্চ ব্যয় সরকারি খাতে সম্পন্ন হয়েছে। ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে এ খাতে ব্যয়ের পরিমাণ যথাক্রমে ৮৪৭২.২৪ মিলিয়ন টাকা (৪০.০৪%), ৮১৭০.৩৯ মিলিয়ন টাকা (৩৯.৫৫%) এবং ৮০০৬.১৭ মিলিয়ন টাকা (৩৮.৪৭%)। অতঃপর, ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে যথাক্রমে ৫৩৫৭.৬২ মিলিয়ন টাকা

#### 5.7 Wages and salaries by sector

According to the data presented in the following table, the total amount spent on wages and salaries for the fiscal years 2018–19, 2019–20 and 2020–21 was to TK. 21158.21 million, TK. 20659.54 million, and TK. 20810.52 million, respectively. The expenditures made by the government sector were the highest, totaling TK. 8472.24 million (40.04%), TK. 8170.39 million (39.55%) and TK. 8006.17 million (38.47%) in the corresponding years 2018-19, 2019-20 and 2020-21. After this, the business sector came in second with TK 5357.63 million (25.32%), TK 5351.73


(২৫.৩২%), ৫৩৫১.৭৩ মিলিয়ন টাকা (২৫.৯০%) এবং ৫৪৪৭.০৩ মিলিয়ন টাকা (২৬.১৭%) টাকা নিয়ে ব্যবসা খাত দ্বিতীয় স্থানে রয়েছে। অপরপক্ষে, উচ্চ শিক্ষার পেছনে চতুর্থ স্থানে থাকা বেসরকারি অলাভজনক খাত সবচেয়ে কম মজুরি ও বেতন ব্যয় করেছে। মজুরি এবং বেতনের মধ্যে রয়েছে R&D ইউনিটের মধ্যে বিভিন্ন ভূমিকায় কর্মরত কর্মী, যার মধ্যে রয়েছে গবেষক, প্রযুক্তিবিদ, সহায়ক কর্মী এবং অন্যান্য নন-R&D কর্মী। উপরন্তু, এটি R&D অপারেশনের জন্য পরামর্শ পরিষেবার সংগ্রহকেও অন্তর্ভুক্ত করা হয়েছে।

million (25.90%), and TK 5447.03 million (26.17%), respectively, in 2018-19, 2019-20 and 2020-21. On the other hand, the private non-profit sector, which came in fourth behind higher education, spent the least on wages and salaries. The wages and salaries included personnel working in various roles within the R&D unit, including researchers, technicians, supporting staff, and other non-R&D personnel. Additionally, it includes the procurement of consultation services for R&D operations.

**Table 5.7: Wages and salaries by sector**

(Million Taka)			
Expenditure type	2018-19	2019-20	2020-21
Higher education sector	4790.81	4732.59	4941
Government	8472.24	8170.39	8006.17
Private NPI	2537.55	2404.83	2416.33
Business	5357.62	5351.73	5447.03
<b>Total expenditure</b>	<b>21158.21</b>	<b>20659.54</b>	<b>20810.52</b>
Percentage			
Higher education sector	22.65	22.91	23.75
Government	40.04	39.55	38.47
Non-government (NPI)	11.99	11.64	11.61
Business	25.32	25.90	26.17
Total	100.00	100.00	100.00

**Figure 5.5: Percentage of Wages and salaries by sector**



#### ৫.৮ খাত ভিত্তিক অন্যান্য চলতি ব্যয়

নিচের সারণিতে দেখা যায়, ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে গবেষণা ও উন্নয়নে মোট চলতি ব্যয় যথাক্রমে ১৮৩৩৬.৫৩ মিলিয়ন টাকা, ১৭৭৭৭.০৮ মিলিয়ন টাকা এবং ১৯১৮১.০৯ মিলিয়ন টাকা। নিচের সারণিটি দেখায় যে, ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে

#### 5.8 Other current expenditure by sector

The total current expenditure on research and development was estimated to be TK. 18336.53 million, TK. 17777.08 million, and TK. 19181.09 million in the fiscal years 2018-19, 2019-20 and 2020-21, respectively, as can be seen from the following table. The following table shows that in 2018-19, 2019-20 and 2020-


সরকারি খাতে অন্যান্য চলতি ব্যয় সর্বোচ্চ ছিল, যার পরিমাণ যথাক্রমে ৮৮৭৬.১৬ মিলিয়ন টাকা (৪৮.৪১%), ৮৭৫৮.৯৭ মিলিয়ন (৪৯.২৭%) এবং ৯১১৫.২১ মিলিয়ন টাকা (৪৭.৫২%)।

21, the other current expenditure was the highest for the government sector, totaling TK. 8876.16 million (48.41%), TK. 8758.97 million (49.27%), and TK. 9115.21 million (47.52%), respectively.

**Table 5.8: Other current expenditure by sector**

(Million Taka)			
Sector	2018-19	2019-20	2020-21
Higher education	3131.24	3032.5	3203.28
Government	8876.16	8758.97	9115.21
Non-government (NPI)	3416.28	3525.62	3649.58
Business	2912.85	2459.99	3213.03
<b>Total other current expenditure</b>	<b>18336.53</b>	<b>17777.08</b>	<b>19181.09</b>
Percentage			
Higher education	17.07	17.06	16.7
Government	48.41	49.27	47.52
Non-government (NPI)	18.63	19.83	19.03
Business	15.89	13.84	16.75
Total expenditure	100.00	100.00	100.00

**Figure 5.6: Percentage of Other current expenditure by sector**



#### ৫.৯ খাত ভিত্তিক মূলধন ব্যয়

নিচের সারণিটি ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে গবেষণা ও উন্নয়ন (R&D) কার্যক্রমের মূলধন ব্যয় প্রদর্শন করে। এর প্রাক্কলিত পরিমাণ যথাক্রমে ৬২৪৩৩.৭৯ মিলিয়ন টাকা, ৬০৪২০.৯২ মিলিয়ন টাকা এবং ৬৪৮১৯.১১ মিলিয়ন টাকা। সারণিতে প্রদত্ত তথ্যের

#### 5.9 Capital expenditure by sector

The table displays the capital expenditure on Research and Development (R&D) activities in the financial years 2018-19, 2019-20 and 2020-21. The estimated amounts were TK. 62433.78 million, TK 60420.92 million and TK. 64819.11 million, respectively. Based on the data provided in the table, it is apparent that the business sector


উপর ভিত্তি করে এটি স্পষ্ট যে, ব্যবসা খাত ব্যয়ের একটি উল্লেখযোগ্য অংশ মূলধন সম্পদ অর্জনে ব্যয় হয়েছে। উল্লেখ্য, ব্যবসা খাতে সক্রিয়ভাবে মূলধন সম্পদ যেমন যন্ত্রপাতি এবং সরঞ্জামসমূহে বিনিয়োগ করছে, এটি এমন একটি পদক্ষেপ যা উৎপাদনশীলতা এবং দীর্ঘমেয়াদী প্রবৃদ্ধি বাড়াতে প্রত্যাশিত। এটি আরও নির্দেশ করে যে, অর্থনীতির ভবিষ্যৎ সম্পর্কে ব্যবসা খাতের একটি ইতিবাচক দৃষ্টিভঙ্গি রয়েছে এবং এখাতের প্রবৃদ্ধিতে বিনিয়োগ করতে প্রস্তুত। এটি গুরুত্বপূর্ণ যে, ব্যবসা খাতে ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে মোট মূলধন ব্যয়ের যথাক্রমে ৬৪.৭০%, ৬৪.৮৪% এবং ৬৩.০২% ব্যয় হয়েছিল। বিপরীতে, ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে সরকারি খাতে মোট মূলধন ব্যয়ের যথাক্রমে ২৬.৬৮%, ২৬.২৫% এবং ২৮.৩৭% ব্যয় প্রদর্শন করে। এটি লক্ষ্যণীয় যে, বেসরকারি অলাভজনক প্রতিষ্ঠান (NPI) খাত ব্যতীত, উচ্চ শিক্ষা খাত গবেষণা ও উন্নয়ন (R&D) কার্যক্রমের মূলধন ব্যয় তাদের অন্যান্য খাতের ব্যয়ের তুলনায় উল্লেখযোগ্যভাবে কম।

expended a significant portion of its expenditure towards the acquisition of capital assets. This indicates that the business sector is actively making investments in capital assets such as machinery and equipment, a move that is expected to enhance productivity and foster long-term growth. This also indicates that the business sector has a positive outlook on the future of the economy and is prepared to make investments in its growth. It is important to highlight that the business sector accounted for 64.70%, 64.84%, and 63.02% of the total capital expenditure in 2018-19, 2019-20 and 2020-21, respectively. In contrast, the government sector demonstrated a consistent expenditure of 26.68%, 26.25% and 28.37% towards total capital expenditure during the fiscal years 2018-19, 2019-20 and 2020-21, respectively. It is concerning to note that the capital expenditure on Research and Development (R&D) activities in the higher education sector is significantly lower in comparison to other sectors, except for the private non-profit institution (NPI) sector.

**Table 5.9: Capital expenditure by sector**

(Million Taka)			
Sector	2018-19	2019-20	2020-21
Higher education	5277.27	5270.66	5463.26
Government	16655.62	15857.79	18391.51
Non-government (NPI)	104.51	112.94	113.15
Business	40396.39	39179.52	40851.19
<b>Total capital expenditure</b>	<b>62433.78</b>	<b>60420.92</b>	<b>64819.11</b>
Percentage			
Higher education	8.46	8.72	8.43
Government	26.68	26.25	28.37
Non-government NPI	0.17	0.19	0.17
Business	64.70	64.84	63.02
<b>Total</b>	<b>100.00</b>	<b>100.00</b>	<b>100.00</b>

**Figure 5.7: Percentage of Capital expenditure by sector**



#### ৫.১০ গবেষণা ও উন্নয়নের জন্য উৎসভিত্তিক তহবিল

গবেষণা ও উন্নয়ন কার্যক্রম কার্যকরভাবে পরিচালনার জন্য পর্যাপ্ত সম্পদ এবং একটি সুপ্রতিষ্ঠিত অবকাঠামো থাকা অপরিহার্য। নিচে উপস্থাপিত সারণিটি ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে গবেষণা ও উন্নয়ন (R&D) সম্পাদনকারীদের অর্থায়নের উৎসসমূহ প্রদর্শন করে। নিচে প্রদত্ত তথ্যের উপর ভিত্তি করে এটি লক্ষ্য করা যায় যে, ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে মোট গবেষণা ও উন্নয়ন (R&D) ব্যয়ের মধ্যে সংস্থার অভ্যন্তরীণ অর্থায়ন যথাক্রমে ৭৩.৭১%, ৭৩.০২% এবং ৭২.৬৩%। এটি নির্দেশ করে যে, সংস্থাসমূহ গত তিন অর্থবছরে নিজেদের আর্থিক সংস্থান ব্যবহার করে গবেষণা ও উন্নয়ন (R&D) সংশ্লিষ্ট ব্যয়ে উল্লেখযোগ্য বিনিয়োগ করেছে। একই সময়ে সরকার ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে যথাক্রমে ১৩.৭২%, ১৪.৪৩% এবং ১৪.৫২% অর্থায়ন করেছে। এর বিপরীতে, গবেষণা ও উন্নয়ন তহবিলের একটি ছোট শতাংশ, মাত্র ৪.৯২%, ৪.৬৪% এবং ৪.৩৮% আন্তর্জাতিক অংশীদারদের নিকট থেকে উৎসরিত হয়েছে। এটি ধারণা দেয় যে, বেশিরভাগ গবেষণা ও উন্নয়ন তহবিল দেশীয় উৎস, যেমন সরকার বা বেসরকারি সংস্থাসমূহ থেকে আসে। অধিকন্তু, এটি নির্দেশ করে যে, আন্তর্জাতিক অংশীদারগণ গবেষণা ও উন্নয়ন তহবিলের প্রধান উৎস নয়।

#### 5.10 Funds for research and development by source

To effectively conduct research and development activities, it is imperative to have sufficient resources and a well-established infrastructure in place. The table presented below displays the funding sources of Research and Development (R&D) performers during the fiscal years 2018–19, 2019–20 and 2020–21. Based on the data provided below, it can be observed that the organization's own finances constituted 73.71%, 73.02%, and 72.63% of the total expenditure on Research and Development (R&D) for the fiscal years 2018–19, 2019–20 and 2020–21, respectively. This indicates that the organization has made significant investments in Research and Development (R&D) expenses using its own financial resources during the past three fiscal years. At the same time, the government funded 13.72%, 14.43% and 14.52%, respectively, in 2018–19, 2019–20 and 2020–21. In contrast, a small percentage of research and development funds just 4.92%, 4.64% and 4.38% were sourced from international partners. This indicates that most of the research and development funding comes from domestic sources, such as the government or private companies. Moreover, this indicates that international partners are not the primary source of research and development funding.



**Table 5.10: Funds for research and development by source**

(Million Taka)

Sources of funds	2018-19	2019-20	2020-21
Organization's own funds	75134.81	72180.98	76121.79
Carrying out research and development-related activities of other local organizations through contracts	2038.92	1795.28	1858.29
<b>Government funds (ministries /departments /local government</b>	<b>13986.55</b>	<b>14262.78</b>	<b>15216.98</b>
Grant for research and development	11199.87	11245.90	12326.16
Loan for research and development	1707.70	1996.90	1819.56
Carrying out research and development-related activities of government through contracts	1078.98	1019.98	1071.26
<b>Other national sources</b>	<b>5754.77</b>	<b>6034.4</b>	<b>7018.45</b>
Non-profit institutions	430.36	402.51	446.12
Personal donations	2944.24	3377.32	4441.18
Higher education institutions other than Universities	1056.31	967.72	725.82
Universities	1323.86	1286.85	1405.33
<b>Foreign source</b>	<b>5013.47</b>	<b>4584.13</b>	<b>4595.23</b>
Parent company	2574.55	2401.17	2498.09
Charitable organizations and foundations	1285.47	1200.35	1248.21
All other foreign sources	1153.45	982.61	848.93
<b>Total</b>	<b>101928.52</b>	<b>98857.58</b>	<b>104810.72</b>
<b>Percentage</b>			
Organization's own funds	73.71	73.02	72.63
Carrying out research and development-related activities of other local organizations through contracts	2.00	1.82	1.77
<b>Government funds (ministries /departments /local government</b>	<b>13.72</b>	<b>14.43</b>	<b>14.52</b>
Grant for research and development	10.99	11.38	11.76
Loan for research and development	1.68	2.02	1.74
Carrying out research and development-related activities of government through contracts	1.06	1.03	1.02
<b>Other national sources</b>	<b>5.65</b>	<b>6.10</b>	<b>6.70</b>
Non-profit institutions	0.42	0.41	0.43
Personal donations	2.89	3.42	4.24
Higher education institutions other than Universities	1.04	0.98	0.69
Universities	1.30	1.30	1.34
<b>Foreign source</b>	<b>4.92</b>	<b>4.64</b>	<b>4.38</b>
Parent company	2.53	2.43	2.38
Charitable organizations and foundations	1.26	1.21	1.19
All other foreign sources	1.13	0.99	0.81
<b>Total</b>	<b>100.00</b>	<b>100.00</b>	<b>100.00</b>



# **Chapter VI**

## **Research and Development Indicators**

ষষ্ঠ অধ্যায়                      গবেষণা ও উন্নয়ন সূচক



## ষষ্ঠ অধ্যায় গবেষণা ও উন্নয়ন সূচক

## Chapter VI Research and Development Indicators

গবেষণা ও উন্নয়ন (R&D) কার্যক্রমের কার্যকারিতা মূল্যায়ন ও ব্যবস্থাপনার জন্য নীতিনির্ধারকগণ R&D সূচকসমূহের একটি বিস্তৃত সেটে অধিগম্যতা থাকার সুফল লাভ করতে পারেন। এটি গবেষণা ও উন্নয়নের উদ্যোগসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট ক্ষেত্রগুলোকে কার্যকরভাবে চিহ্নিত করার পাশাপাশি প্রযুক্তিগত উন্নয়নের প্রচার এবং অর্থায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে সহায়তা করবে। প্রাপ্ত সূচকগুলো ব্যবহারের মাধ্যমে, নীতি প্রণয়নকারীগণ দেশের গবেষণা ও উন্নয়ন কার্যক্রম যথাযথ মূল্যায়ন করতে পারবে। এ ধরনের উদ্যোগের সমর্থন এবং কাঙ্ক্ষিত অর্থায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে সক্ষমতা তৈরি করবে। এ অধ্যায়ে গুরুত্বপূর্ণ গবেষণা ও উন্নয়ন সূচকগুলো উপস্থাপন করা হয়েছে, যা জরিপ থেকে প্রাপ্ত ফলাফলসমূহ ব্যবহার করে প্রণয়ন করা হয়েছে। আশা করা যায়, প্রাপ্ত সূচকসমূহ হতে গবেষণা ও উন্নয়নের বর্তমান অবস্থা সম্পর্কে মূল্যবান ধারণা পাওয়া যাবে।

Policymakers may reap the rewards of having access to a comprehensive set of indicators to assess and manage the performance of Research and Development (R&D) activities. It will help in effective identification of relevant areas for implementation of Research and Development initiatives as well as decision making on promotion and funding of technological development. By using the obtained indicators, policy makers can properly evaluate the Research and Development activities of the country. It will build capacity for decision-making on support and detailed financing of such initiatives. This chapter presents important Research and Development (R&D) indicators that have been formulated using the findings derived from the survey. It is hoped that the obtained indicators will provide valuable insights into the current state of Research and Development.

### ৬.১ গবেষণা ও উন্নয়নে খুল ব্যয়

অর্থবছর ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ এ গবেষণা ও উন্নয়নে মোট প্রাক্কলিত ব্যয় (GERD) যথাক্রমে ১০১৯২৮.৫১ মিলিয়ন টাকা, ৯৮৮৫৭.৫২ মিলিয়ন টাকা এবং ১০৪৮১০.৭৪ মিলিয়ন টাকা। ২০১৯-২০ অর্থবছরে দেশের মোট গবেষণা ও উন্নয়ন ব্যয় (GERD) পূর্বের অর্থবছরের (২০১৮-১৯) তুলনায় প্রায় ৩.০১% হ্রাস পেয়েছে। অপরদিকে ২০২০-২১ অর্থবছরে GERD পূর্ববর্তী বছরের তুলনায় এটি ৬.০২% বৃদ্ধি পেয়েছে। এটি স্পষ্ট যে, তিন অর্থবছরের মেয়াদে সামগ্রিকভাবে GERD ২.৮৩% বৃদ্ধি পেয়েছে। লক্ষ্যণীয়, দেশ ধীরে ধীরে গবেষণা ও উন্নয়নে কাঙ্ক্ষিত বিনিয়োগের ক্ষেত্রে অগ্রগতি লাভ করছে।

### 6.1 Gross Expenditure on Research and Development

The Gross Expenditure on Research and Development (GERD) was estimated to be TK. 101928.51 million, TK. 98857.52 million and TK. 104810.74 million in the FY 2018-19, 2019-20 and 2020-21 respectively. It is observed that the gross expenditure on research and development (GERD) of the country exhibited a decline of approximately 3.01% during the FY 2019-20 in comparison to the preceding FY of 2018-19. On the other hand, GERD in FY 2020-21 increased by 6.02% as compared to previous year. The overall GERD has increased by 2.83% over the three fiscal year period. Notably, the country has gradually made progress in investing in research and development as desired.

**Table 6.1: Gross expenditure on research and development (GERD)**

(Million TK)			
Year	GERD	Percentage change over the previous year	Percentage change in 2020-21 over 2018-19
2018-19	101928.51	-	2.83
2019-20	98857.52	(-) 3.01	
2020-21	104810.74	6.02	

## ৬.২ চলতি মূল্যে ক্রয় ক্ষমতার সমতা (PPP) ডলারে গবেষণা ও উন্নয়নে স্থূল ব্যয়

অর্থবছর ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ এ চলতি মূল্যে ক্রয় ক্ষমতার সমতার (PPP) ভিত্তিতে প্রাক্কলিত ডলারে গবেষণা ও উন্নয়নে স্থূল ব্যয় (GERD) যথাক্রমে ৩২৫৭.৫৪ মিলিয়ন, ৩০৮২.৫৫ মিলিয়ন এবং ৩২৭৯.৪৩ মিলিয়ন। প্রাপ্ত তথ্য হতে দেখা যায় তিন অর্থবছরের মেয়াদে চলতি মূল্যে পিপিপি-তে GERD বৃদ্ধি পেয়েছে। উল্লেখ্য, পিপিপি ডলারের বিপরীতে টাকার বিনিময় হার বছর বছর ওঠানামা করছে।

## 6.2 Gross Expenditure on Research and Development in current Purchasing Power Parity (PPP) dollar

The Gross Expenditure on Research and Development (GERD) for the FY 2018–19, 2019–20 and 2020–21 was estimated to be 3257.54 million, 3082.55 million and 3279.43 million respectively, in current PPP dollars. This information indicates that the GERD in the current PPP has increased over three-fiscal year period. Noted that the exchange rate of the taka in terms of the PPP dollar has also experienced fluctuations from year to year.

**Table 6.2: Gross Expenditure on Research and Development (GERD) in current PPP dollar**

Indicators	2018-19	2019-20	2020-21
GERD at current price (million TK.)	101928.51	98857.52	104810.74
Exchange rate of TK. in terms of the PPP dollar (Taka per PPP dollar)	31.29	32.07	31.96
GERD in current PPP dollar (million)	3257.54	3082.55	3279.43

## ৬.৩ পিপিপি স্থিরমূল্যে ডলারে গবেষণা ও উন্নয়নে স্থূল ব্যয়

২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরের জন্য গবেষণা ও উন্নয়নে প্রাক্কলিত মোট ব্যয় (GERD) স্থির মূল্যে PPP ডলারে যথাক্রমে ২৮২৭.৮৮ মিলিয়ন, ২৫৭৬.৫২ মিলিয়ন এবং ২৬৩২.৬০ মিলিয়ন। এটি উল্লেখ করা উচিত যে, নিরূপিত মূল্যস্ফীতির সমন্বয়সহ স্থির মূল্যে ক্রয়ক্ষমতা সমতার (PPP) ভিত্তিতে প্রকাশ তা করা হয়েছে। এটি গণনার লক্ষ্যে ২০১৫-১৬ অর্থবছর ভিত্তি বছর হিসেবে ব্যবহৃত হয়েছে।

## 6.3 Gross Expenditure on Research and Development in PPP dollar-constant price

The estimated Gross Expenditure on Research and Development (GERD) for the fiscal years 2018–19, 2019–20 and 2020–21 was 2827.48 million, 2576.52 million and 2632.60 million PPP dollar in constant price, respectively. It should be pointed that these figures are expressed in PPP dollars, adjusted for inflation and stated at constant prices. The base year used for these calculations was 2015–16.

**Table 6.3: Gross expenditure on research and development (GERD) in PPP dollar -constant price**

Indicator	2018-19	2019-20	2020-21
GERD at current prices (million Taka)	101928.51	98857.52	104810.74
GDP deflator	115.21	119.64	124.57
GERD at constant prices (million Taka), Base:2015-16	88471.93	82629.15	84138.03
GERD in PPP dollar-constant price (million)	2827.48	2576.52	2632.60

## ৬.৪ টাকায় মাথাপিছু GERD

অর্থবছর ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ এ প্রাক্কলিত মাথাপিছু স্থূল গবেষণা ও উন্নয়ন ব্যয় (GERD) যথাক্রমে ৬১৫.৫১ টাকা, ৫৯০.৫৫ টাকা এবং ৬১৯.৮২ টাকা। একই সময়ে জনসংখ্যা বৃদ্ধি সত্ত্বেও, তিন বছর মেয়াদে মাথাপিছু GERD সামান্য বৃদ্ধি পেয়েছে। এ উদীয়মান প্রবণতা অত্যন্ত

## 6.4 GERD per capita in Taka

The Gross Expenditure on Research and Development (GERD) per capita for the fiscal years 2018–19, 2019–20 and 2020–21 was estimated to be TK. 615.51, TK. 590.55 and TK.619.82, respectively. The GERD per capita exhibited modest growth over a three-year period, despite a simultaneous rise in the population

অনুকূল এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য উৎসাহ প্রদান করে।

during the same period. This emerging trend is highly favorable and provides impetus for sustainable economic growth.

**Table 6.4: GERD per capita in Taka**

Indicator	2018-19	2019-20	2020-21
GERD in current price (million Taka)	101928.51	98857.52	104810.74
Population (million)	165.6	167.4	169.1
GERD per capita (Taka)	615.51	590.55	619.82

#### ৬.৫ চলতি PPP ডলারে মাথাপিছু GERD

অর্থবছর ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ এ চলতি পিপিপি ডলারে মাথাপিছু প্রাক্কলিত স্থূল গবেষণা ও উন্নয়ন ব্যয় (GERD) যথাক্রমে ১৯.৬৭, ১৮.৪১ এবং ১৯.৩৯। প্রাপ্ত তথ্যে দেখা যায়, চলতি PPP ডলারে পরিমাপকৃত মাথাপিছু GERD পূর্বের বছরের (২০১৮-১৯) তুলনায় ২০১৯-২০ অর্থবছরে হ্রাস পেয়েছে। যাইহোক, পরবর্তীতে এটি ২০২০-২১ অর্থবছরে পূর্ববর্তী বছরের (২০১৯-২০) তুলনায় বৃদ্ধি পেয়েছে। তদুপরি, গবেষণা এবং উন্নয়নের অগ্রগতির প্রতিশ্রুতির একটি বাস্তব প্রকাশ হিসেবে এটি কাজ করে। এ খাতের ক্রমাগত সম্প্রসারণ নিশ্চিত করার জন্য গবেষণা ও উন্নয়নে বিনিয়োগ বজায় রাখার গুরুত্বও প্রদর্শন করে।

#### 6.5 GERD per capita in current PPP dollar

The Gross Expenditure on Research and Development (GERD) per capita in the current PPP dollar for the fiscal years 2018–19, 2019–20, and 2020–21 was estimated to be 19.67, 18.41 and 19.39 respectively. This information indicates that the GERD per capita, measured in current PPP dollars, experienced a decline in 2019-20 compared to the previous year (2018-19). However, it subsequently showed an increase in 2020-21 compared to the preceding year (2019-20). Moreover, it serves as a tangible manifestation of the commitment to the progress of research and development. This also demonstrates the importance of maintaining investments in research and development to assure the continuous expansion of this sector.

**Table 6.5: GERD per capita in current PPP dollar**

Indicator	2018-19	2019-20	2020-21
GERD per capita in current price (Taka)	615.51	590.55	619.82
Exchange rate of TK. in terms of the PPP dollar (Taka per PPP dollar)	31.29	32.07	31.96
GERD per capita in PPP dollar	19.67	18.41	19.39

#### ৬.৬ স্থির মূল্যে PPP ডলারে মাথাপিছু GERD

অর্থবছর ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ এ স্থির মূল্যে PPP ডলারে মাথাপিছু প্রাক্কলিত স্থূল গবেষণা ও উন্নয়ন ব্যয় (GERD) যথাক্রমে ১৭.০৭, ১৫.৩৯ এবং ১৫.৫৭। উল্লেখ্য যে, এখানে মাথাপিছু GERD ২০১৫-১৬ সালকে ভিত্তি বছর ধরে মূল্যস্ফীতির সমন্বয় করে ক্রয় ক্ষমতার সমতা (PPP) ভিত্তিক ডলারে প্রকাশ করা হয়েছে। এ তথ্যটি নির্দেশ করে যে, তিন বছরে PPP ডলারে (স্থির মূল্যে) মাথাপিছু GERD প্রায় ৮.৭৯% হ্রাস পেয়েছে। এ সমস্যাতিকে উদ্বেগের একটি উল্লেখযোগ্য কারণ হিসেবে বিবেচনা করা যায়, কারণ এটি একাধিক গবেষণা ডোমেইনের অগ্রগতিকে বাধাগ্রস্ত করতে পারে।

#### 6.6 GERD per capita in PPP dollar-constant price

The estimated Gross Expenditure on Research and Development (GERD) per capita in PPP dollars at constant price for the fiscal years 2018–19, 2019–20 and 2020–21 was 17.07, 15.39 and 15.57, respectively. It is to be noted that here GERD per capita is expressed in purchasing power parity (PPP) dollars, adjusted for inflation, using the base year of 2015-16. This information indicates that there was a decrease of approximately 8.79% in GERD per capita in PPP dollars (constant prices) over the course of three years. This problem can be considered as a significant cause of concern, as it can hinder the progress of multiple research domains.

**Table 6.6: GERD per capita in PPP dollar-constant price**

Indicators	2018-19	2019-20	2020-21
GERD per capita in current price (Taka)	615.51	590.55	619.82
GDP deflator	115.21	119.64	124.57
GERD per capita in constant price (Taka), Base:2015-16	534.25	493.61	497.57
GERD per capita in PPP dollar (constant price)	17.07	15.39	15.57

**৬.৭ জিডিপি শতাংশ হিসেবে জিআরডি**


অর্থবছর ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ এ গবেষণা ও উন্নয়নে স্থূল ব্যয় (GERD) যথাক্রমে GDP এর ০.৩৫%, ০.৩১% এবং ০.৩০%। এ তথ্য দেখায় যে, বাংলাদেশে জিআরডি-টু-জিডিপি অনুপাত কিছুটা হ্রাস পাচ্ছে।

**6.7 GERD as a percentage of GDP**

The Gross Expenditure on Research and Development (GERD) of GDP was estimated to be 0.35%, 0.31%, and 0.30% in the fiscal years 2018-19, 2019-20 and 2020-21, respectively. This information shows that the GERD-to-GDP ratio in Bangladesh is experiencing a slight decrease.

**Table 6.7: GERD as a percentage of GDP**

Year	GDP at current price (million TK.)	GERD in current price (million TK.)	GERD as% of GDP
2018-19	29514288	101928.51	0.35
2019-20	31704694	98857.52	0.31
2020-21	35301848	104810.74	0.30

**Figure 6.1: GERD as a percentage of GDP****৬.৮ গবেষণা ও উন্নয়ন (R&D) কর্মী (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে)**

সারণি ৬.৮ অনুসারে, ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে হেড কাউন্ট এর উপর ভিত্তি করে গবেষণা ও উন্নয়ন (R&D) কর্মীদের প্রাক্কলিত মোট সংখ্যা যথাক্রমে ৩১১৮৬, ৩০৭৮৪ এবং ৩১৫৮৮। ২০১৯-২০ অর্থবছরে পূর্বের বছরের তুলনায় গবেষণা ও উন্নয়ন (R&D) কর্মীদের সংখ্যা ১.৩০% হ্রাস পেয়েছে। ২০২০-২১ অর্থবছরে, পূর্বের বছরের তুলনায় R&D কর্মীর সংখ্যা ২.৬২% বৃদ্ধি পেয়েছে। এ তথ্যটি, গত তিন বছরে গবেষণা ও উন্নয়ন কর্মীর

**6.8 Research and Development (R&D) personnel (based on head count)**

According to the 6.8 table, the total number of Research and Development (R&D) personnel, based on head count, was estimated to be 31186, 30784 and 31588 in the fiscal years 2018-19, 2019-20 and 2020-21 respectively. During 2019-20 fiscal year, there was a decrease of 1.30% in the number of Research and Development (R&D) personnel compared to the previous year. In 2020-21 fiscal year, there was an increase of 2.62% in the number of R&D personnel compared to the

বৃদ্ধির একটি অনুকূল গতি-প্রকৃতি নির্দেশ করে। এ উদ্যোগটি আমাদের দেশে গবেষণা ও উন্নয়ন সক্ষমতা বাড়ানোর প্রতিশ্রুতিও প্রদর্শন করে।

previous year. This information indicates a favorable pattern in the increase in research and development personnel within the last three years. This initiative showcases a commitment to enhancing the research and development capabilities within our nation.

**Table 6.8: R&D personnel (based on head count)**

Year	Number	Percentage change over the previous year
2018-19	31186	-
2019-20	30784	(-) 1.30
2020-21	31588	2.62

#### ৬.৯ গবেষণা ও উন্নয়ন (R&D) কর্মী (পূর্ণকালীন সময়ের সমতুল্য)

অর্থবছর ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ এ পূর্ণকালীন সময়ের সমতুল্য R&D কর্মীদের প্রাক্কলিত সংখ্যা যথাক্রমে ২৬১৬৩, ২৫৭৯৫ এবং ২৬৩৬১। আগের বছরের তুলনায় ২০১৯-২০ অর্থবছরে পূর্ণকালীন সময়ের সমতুল্য R&D কর্মীর সংখ্যা ১.৪১% হ্রাস পেয়েছে। এতদসত্ত্বেও, ২০২০-২১ সময়কালে একটি লক্ষ্যনীয় উর্ধ্বমুখী প্রবণতা ২.১৯% ছিল, যা একইভাবে হেড কাউন্ট এর ভিত্তিতে গবেষণা ও উন্নয়ন (R&D) কর্মীদের গণনায়ও পরিলক্ষিত হয়েছে।

#### 6.9 Research and Development (R&D) personnel (full-time equivalent)

The estimated number of full-time equivalent R&D personnel was 26163, 25795 and 26361 in the fiscal years 2018-19, 2019-20 and 2020-21, respectively. The full-time equivalent R&D personnel experienced a decline 1.41% in 2019-2020 compared to the preceding year. Nevertheless, there was a noticeable upward trend 2.19% during the period of 2020-2021, which was similarly observed in the headcount of Research and Development (R&D) personnel.

**Table 6.9: Total R&D personnel (full-time equivalent)**

Year	Number	Percentage change over the previous year
2018-19	26163	
2019-20	25795	(-) 1.41
2020-21	26361	2.19



**৬.১০ প্রতি মিলিয়ন লোকের বিপরীতে গবেষণা ও উন্নয়ন (R&D) কর্মীর সংখ্যা (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে)।**

নিচের সারণিটি ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে প্রতি মিলিয়ন লোকের বিপরীতে গবেষণা ও উন্নয়ন (R&D) কর্মীদের সংখ্যা প্রদর্শন করে। এ সংখ্যাসমূহ দেখায় যে, সংশ্লিষ্ট বছরসমূহে প্রতি মিলিয়ন লোকের বিপরীতে যথাক্রমে ১৮৮, ১৮৪ এবং ১৮৭ জন R&D কর্মী ছিল। ২০১৯-২০ বছরে প্রতি মিলিয়ন লোকের বিপরীতে R&D কর্মীর সংখ্যা (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে) সামান্য হ্রাস পেয়েছে। অতঃপর, ২০২০-২১ অর্থবছরে প্রতি মিলিয়ন লোকের বিপরীতে R&D কর্মীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। যাইহোক, প্রতি মিলিয়ন লোকের বিপরীতে R&D কর্মীর সংখ্যার সামগ্রিক প্রবণতায় ধারাবাহিক স্থিতিশীলতা পরিলক্ষিত হয়েছে।

**6.10 Number of Research and Development (R&D) personnel (based on headcount) per million inhabitants**

The table below displays the number of Research and Development (R&D) personnel per million inhabitants for the fiscal years 2018–19, 2019–20, and 2020–21. These figures indicate that there were 188, 184 and 187 R&D personnel per million inhabitants in those respective fiscal years. There was a slight decrease in the number of R&D personnel (based on head count) per million inhabitants during the fiscal year 2019–20, followed by an increase in the number of R&D personnel per million inhabitants during 2020–21. However, consistent stability was observed in the overall trend of the number of R&D personnel per million inhabitants.

**Table 6.10: R&D personnel (based on headcount) per million inhabitants**

Indicator	2018-19	2019-20	2020-21
R&D personnel (head count)	31187	30783	31588
Population (million)	165.6	167.4	169.1
R&D personnel (headcount) per million inhabitants	188	184	187

**৬.১১ প্রতি মিলিয়ন লোকের বিপরীতে গবেষণা ও উন্নয়ন (R&D) কর্মীর সংখ্যা (পূর্ণকালীন সময়ের সমতুল্য)**

নিচের সারণি স্পষ্টভাবে দেখায় যে, ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে প্রতি মিলিয়ন লোকের বিপরীতে পূর্ণকালীন সময়ের সমতুল্য R&D কর্মীর সংখ্যা যথাক্রমে ১৫৮, ১৫৪ এবং ১৫৬। অর্থবছর ভিত্তিক, প্রতি মিলিয়ন লোকের বিপরীতে পূর্ণকালীন সময়ের সমতুল্য R&D কর্মীদের সংখ্যার মধ্যে সামান্য পার্থক্য ছিল। সামগ্রিক প্রবণতা বিগত তিন অর্থবছর সময়কাল জুড়ে স্থিতিশীল ছিল। এটি সমর্থন করে যে, বিনিয়োগ এবং সম্পদের স্থির স্তর সম্ভবত R&D সেক্টরকে সহায়তা করছে।

**6.11 Number of research and development (R&D) personnel (full-time equivalent) per million inhabitants**

The table below clearly indicates that the number of full-time equivalent R&D personnel per million inhabitants was 158, 154 and 156 in the fiscal years 2018–19, 2019–20 and 2020–21, respectively. Year to year, there was a minor variation in the number of full-time equivalent R&D personnel per million inhabitants. The overall trend remained stable throughout the three-fiscal years period. This suggests that steady levels of investment and resources are probably supporting the R&D sector.

**Table 6.11: R&D personnel (full-time equivalent) per million inhabitants**

Indicator	2018-19	2019-20	2020-21
R&D personnel (full-time equivalent)	26163	25795	26361
Population (million)	165.6	167.4	169.1
R&D personnel (headcount) per million inhabitants	158	154	156

**৬.১২ গবেষকের সংখ্যা (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে)**

অর্থবছর ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ এ গবেষকের প্রাক্কলিত সংখ্যা (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে) যথাক্রমে ১৭৬৯০, ১৭১৯৪ এবং ১৮০২৫। ২০১৯-২০ অর্থবছরে হেড কাউন্ট এর ভিত্তিতে গবেষকের সংখ্যা ২.৮০% হ্রাস পেয়েছে এবং ২০২০-২১ অর্থবছরে ৪.৮৩% বৃদ্ধি পেয়েছে। হ্রাস এবং পরবর্তী বৃদ্ধির পর্যবেক্ষিত প্যাটার্ন কোভিড-১৯ মহামারীর সাথে সম্পর্কিত সম্ভাব্য অর্থনৈতিক অস্থিতিশীলতার দৃশ্য বহন করে। এটি প্রত্যাশিত যে, গবেষকদের সংখ্যা বৃদ্ধির এ উর্ধ্বমুখী প্রবণতা আগামী বছরগুলোতেও অব্যাহত থাকবে।

**6.12 Number of researchers (based on head count)**

The estimated number of researchers (based on head count) was 17,690, 17,194, and 18,025 in the fiscal years 2018-19, 2019-20, and 2020-21, respectively. The head count of researchers experienced a decrease of 2.80% in the period of 2019-20 and an increase of 4.83% in the following fiscal year of 2020-21. The observed pattern of decline and subsequent increase is indicative of the potential economic instability associated with the COVID-19 pandemic. It is anticipated that the upward trend of expanding researcher headcount will persist in the forthcoming years.

**Table 6.12: Total researchers (based on head count)**

Year	Number	Percentage change over the previous year
2018-19	17690	-
2019-20	17194	(-) 2.80
2020-21	18025	4.83

**৬.১৩ গবেষকের সংখ্যা (পূর্ণ কালীন সময়ের সমতুল্য)**

২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে পূর্ণকালীন সময়ের সমতুল্য গবেষকদের প্রাক্কলিত সংখ্যা যথাক্রমে ১২৬৬৬, ১২২০৬ এবং ১২৭৯৭ পাওয়া যায়। পূর্ণকালীন সময়ের সমতুল্য গবেষকের সংখ্যা ২০১৯-২০ অর্থবছরে ৩.৬৩% হ্রাস পেয়েছে, অতঃপর ২০২০-২১ অর্থবছরে ৪.৮৪% বৃদ্ধি পেয়েছে। দেখা যায়, পূর্ণকালীন সময়ের সমতুল্য গবেষকের সংখ্যা তিন বছর সময়কালে তুলনামূলকভাবে স্থিতিশীল ছিল। এটি গবেষণা খাতের দীর্ঘমেয়াদী প্রবৃদ্ধি চালিয়ে যাওয়ার জন্য ভাল অবস্থান নির্দেশ করে।

**6.13 Number of researchers (full-time equivalent)**

The number of full-time equivalent researchers was estimated to be 12666, 12206 and 12797, respectively, in fiscal years 2018-19, 2019-20 and 2020-21. The number of full-time equivalent researchers experienced a decline of 3.63% in the fiscal year 2019-20, followed by a subsequent increase of 4.84% in the fiscal years 2020-21. This indicates that the number of full-time researchers has been relatively stable over the three-year period. This indicates that the research sector is well-positioned to continue its long-term growth.

**Table 6.13: Number of researchers (full-time equivalent)**

Year	Number	Percentage change over the previous year
2018-19	12666	-
2019-20	12206	(-) 3.63
2020-21	12797	4.84

**৬.১৪ প্রতি মিলিয়ন লোকের বিপরীতে গবেষকের সংখ্যা (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে)**

অর্থবছর ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ এ প্রতি মিলিয়ন লোকের বিপরীতে প্রাক্কলিত গবেষকের সংখ্যা (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে) যথাক্রমে ১০৭, ১০৩

**6.14 Number of researchers (based on head count) per million inhabitants**

The number of researchers (based on head count) per million inhabitants was estimated at 107, 103, and 107 in fiscal years 2018-19, 2019-20, and 2020-21, respectively. It is important to

এবং ১০৭। এটি লক্ষ্যনীয় যে, এ সূচকের ক্ষেত্রে বাংলাদেশ তার প্রতিবেশী দেশগুলো যেমন ভারত, পাকিস্তান এবং শ্রীলংকার পিছনে রয়েছে। বাংলাদেশের সীমিত গবেষণা সক্ষমতা দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ধরে রাখতে পারছে না নিঃসন্দেহে বলা যায়, গবেষণা ও উন্নয়নে আরও বেশি বিনিয়োগ করা গেলে আমাদের দেশের জন্য আরও প্রাণবন্ত অর্থনৈতিক প্রবৃদ্ধি সম্ভব। যা আমাদের দেশেরই উপকার করবে না, বরং সামগ্রিক দক্ষিণ এশীয় অঞ্চলকেও সাহায্য করবে। অর্থনৈতিক কর্মকান্ড সম্প্রসারণের লক্ষ্য শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি প্রতিষ্ঠান এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহের গবেষণা ও উন্নয়ন কর্মকান্ডে পর্যাপ্ত বিনিয়োগ করা অতীব গুরুত্বপূর্ণ।

note that with respect to this indicator, Bangladesh falls behind its neighboring countries, such as India, Pakistan, and Sri Lanka. Bangladesh's limited research capacity is not able to sustain the country's economic growth, undoubtedly it can be said that if more investment is made in research and development, more vibrant economic growth is possible for our country. Which will not only benefit our country but also the entire South Asian region. It is vital to invest adequately in research and development activities by educational institutions, government institutions and business organizations aimed at expanding economic activity.

**Table 6.14: Number of researchers (head count) per million inhabitants**

Indicator	2018-19	2019-20	2020-21
Researchers (head count)	17690	17194	18025
Population (million)	165.6	167.4	169.1
Researcher (headcount) per million inhabitants	107	103	107

#### ৬.১৫ প্রতি মিলিয়ন লোকের বিপরীতে গবেষকের সংখ্যা (পূর্ণকালীন সময়ের সমতুল্য)

অর্থবছর ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে প্রতি মিলিয়ন লোকের বিপরীতে গবেষকের সংখ্যা (পূর্ণকালীন সময়ের সমতুল্য) যথাক্রমে ৭৬, ৭৩ এবং ৭৬। প্রদত্ত তথ্যের ভিত্তিতে এটি লক্ষ্য করা যায় যে, প্রতি মিলিয়ন লোকের বিপরীতে গবেষকের সংখ্যা (পূর্ণকালীন সময়ের সমতুল্য) গত তিন অর্থবছরে একটি সামঞ্জস্যপূর্ণ প্রবণতা প্রদর্শন করে। এটি সুনির্দিষ্ট করে যে, R&D পারফর্মাররা ভাল করছে এবং অদূর ভবিষ্যতে তাদের প্রবৃদ্ধি বজায় রাখবে বলে আশা করা হচ্ছে।

#### 6.15 Number of researchers (full-time equivalent) per million inhabitants

The number of full-time equivalent researchers per million inhabitants was recorded at 76, 73, and 76, respectively, in fiscal years 2018-19, 2019-20, and 2020-21. Based on the data given, it can be observed that the number of researchers (full-time equivalent) per million inhabitants has exhibited a consistent trend over the past three fiscal years. This specifies that the R&D performers are doing well and are expected to sustain their growth in the foreseeable future.

**Table 6.15: Number of researchers (full-time equivalent) per million inhabitants**

Indicator	2018-19	2019-20	2020-21
Researchers (full-time equivalent)	12666	12206	12797
Population (million)	165.6	167.4	169.1
Researcher (full-time equivalent) per million inhabitants	76	73	76

#### ৬.১৬ প্রতি ১০০০ শ্রমশক্তির বিপরীতে গবেষকের সংখ্যা (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে)

নিচের সারণি হতে দেখা যায় যে, ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে প্রতি ১০০০ জন শ্রমশক্তির বিপরীতে যথাক্রমে ০.২৬, ০.২৫ এবং ০.২৫ জন গবেষক (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে) রয়েছে। হেড কাউন্ট এর

#### 6.16 Number of researchers (based on head count) per 1,000 labour force

The following table shows that in 2018-19, 2019-20, and 2020-21, there were 0.26, 0.25, and 0.25 researchers (based on head count) per 1000 labour force, respectively. The number of researchers, as measured by head count, fell by

ভিত্তিতে নিরূপিত গবেষকের সংখ্যা ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরের মধ্যে ২.৮০% হ্রাস পেয়েছে। ফলে, শ্রমশক্তিতে গবেষকের অনুপাত হ্রাস পেয়েছে। বিপরীতে, পূর্ববর্তী বছরের তুলনায় ২০২০-২১ অর্থবছরে গবেষকের সংখ্যায় (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে) ৪.৮৩%-এর উল্লেখযোগ্য বৃদ্ধি লক্ষ্য করা যায়। এতদসত্ত্বেও, শ্রমশক্তি বৃদ্ধির ফলে, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরের মধ্যে প্রতি ১০০০ শ্রমশক্তিতে গবেষকের অনুপাত অপরিবর্তিত রয়েছে।

2.80% between the 2018–19 and the 2019–20 fiscal years. As a result, there was a corresponding decline in the proportion of researchers in the labor force. In contrast, a notable rise of 4.83% was observed in the number of researchers (based on head count) for the financial year 2020–21 in comparison to the preceding fiscal year. Nonetheless, the proportion of researchers per 1,000 labour force remained unchanged between the financial years 2019–20 and 2020–21, because of the increased labourforce in the latter year.

**Table 6.16: Number of researchers (based on head count) per 1,000 labour force**

Indicator	2018-19	2019-20	2020-21
Researchers (head count)	17690	17194	18025
Labour force (million)	67.29	69.29	71.31
Researcher (headcount) per 1000 labour force	0.26	0.25	0.25

#### ৬.১৭ প্রতি ১০০০ শ্রমশক্তির বিপরীতে গবেষকের সংখ্যা (পূর্ণকালীন সময়ের সমতুল্য)

অর্থবছর ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ এ প্রতি ১০০০ জন শ্রমশক্তির বিপরীতে পূর্ণকালীন সময়ের সমতুল্য গবেষকের প্রাক্কলিত সংখ্যা যথাক্রমে ০.১৯, ০.১৮ এবং ০.১৮। নিচের সারণিতে উপস্থাপিত তথ্যসমূহ তিন অর্থ বছর মেয়াদকালে প্রতি ১০০০ শ্রমশক্তির বিপরীতে গবেষকের সংখ্যার (পূর্ণকালীন সময়ের সমতুল্য) একটি পরিমিত হ্রাসের ধারণা পাওয়া যায়। পূর্ণকালীন সময়ের সমতুল্য গবেষকের সংখ্যা বৃদ্ধির হারের চেয়ে শ্রমশক্তি বৃদ্ধির হার দ্রুত বৃদ্ধি পেয়েছে। এটি আরও দেখায় যে, অর্থনীতিতে গবেষণা ও উন্নয়নের চাহিদা এবং বিদ্যমান গবেষকদের সংখ্যার মধ্যে একটি পার্থক্য রয়েছে। দেশের অর্থনৈতিক প্রতিযোগিতা সুনিশ্চিত করার লক্ষ্যে এ পার্থক্য দূর করা প্রয়োজন।

#### 6.17 Number of researchers (full-time equivalent) per 1,000 labour force

The estimated number of full-time equivalent researchers per 1000 labour force was 0.19, 0.18, and 0.18 for the fiscal years 2018-19, 2019-20, and 2020-21, respectively. The data presented in the following table indicates a modest decrease in the number of researchers (full-time equivalent) per 1,000 labour force over the three fiscal years. It also indicates that the growth rate of the labour force grew faster than the rate at which the number of full-time equivalent researchers increased. This also indicates that there is a gap between the research and development needs of the economy and the available researchers. This gap needs to be addressed to ensure the country's economic competitiveness.

**Table 6.17: Number of researchers (full-time equivalent) per 1,000 labour force**

Indicator	2018-19	2019-20	2020-21
Researchers (full-time equivalent)	12666	12206	12797
Labour force (million)	67.29	69.29	71.31
Researcher (full-time equivalent) per 1000 labour force	0.19	0.18	0.18

**৬.১৮ প্রতি ১০০০ কর্মসংস্থানের বিপরীতে গবেষকের সংখ্যা (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে)**

অর্থবছর ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ এ প্রতি ১০০০ কর্মসংস্থানের বিপরীতে গবেষকের সংখ্যা (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে) যথাক্রমে ০.২৭, ০.২৬ এবং ০.২৬। নিচের সারণিতে উপস্থাপিত তথ্য প্রতি ১০০০ কর্মসংস্থানের বিপরীতে গবেষকের সংখ্যার (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে) একটি পরিমিত হ্রাসের প্রবণতা দেখায়। এ পর্যবেক্ষণটি দেখায় যে, গবেষকদের সংখ্যা বৃদ্ধির হার কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির হারে সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

**6.18 Number of researchers (based on head count) per 1,000 employments**

The estimated number of researchers (based on head count) per 1000 employment was 0.27, 0.26 and 0.26 for the fiscal years 2018–19, 2019–20, and 2020–21, respectively. The data presented in the following table shows a modest decline trend in the number of researchers (based on head count) per 1000 employment. This observation implies that the rate of expansion in the number of researchers is not commensurate with the rate of growth in employment opportunities.

**Table 6.18: Number of researchers (based on head count) per 1,000 employments**

Indicator	2018-19	2019-20	2020-21
Researchers (full-time equivalent)	17690	17194	18025
Total employment (million)	64.61	66.61	68.66
Researcher (full-time equivalent) per 1000 employment	0.27	0.26	0.26

**৬.১৯ প্রতি ১০০০ কর্মসংস্থানের বিপরীতে গবেষকের সংখ্যা (পূর্ণকালীন সময়ের সমতুল্য)**

নিচের সারণিতে হতে দেখা যায় যে, ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে প্রতি ১০০০ কর্মসংস্থানের বিপরীতে পূর্ণকালীন সময়ের সমতুল্য (FTE) গবেষকের সংখ্যা যথাক্রমে ০.২০, ০.১৮ এবং ০.১৯। ২০১৯-২০ অর্থবছরে প্রতি হাজারে পূর্ণকালীন সময়ের সমতুল্য গবেষকের অনুপাত হ্রাস পেয়েছে, অতঃপর ২০২০-২১ অর্থবছরে বৃদ্ধি পেয়েছে।

**6.19 Number of researchers (full-time equivalent) per 1,000 employments**

The following table shows that in 2018–19, 2019–20, and 2020–21, the number of full-time equivalent (FTE) researchers per 1000 employment was 0.20, 0.18, and 0.19, respectively. The ratio of full-time equivalent researchers per thousand employments experienced a decline in 2019–20, followed by a subsequent increase in 2020–21.

**Table 6.19: Number of researchers (full-time equivalent) per 1,000 employments**

Indicator	2018-19	2019-20	2020-21
Researchers (full-time equivalent)	12666	12206	12797
Total employment (million)	64.61	66.61	68.66
Researcher (full-time equivalent) per 1000 employment	0.20	0.18	0.19

**৬.২০ মোট গবেষকের শতাংশ হিসেবে নারী গবেষক (হেড কাউন্ট এর উপর ভিত্তি করে)**

২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে হেড কাউন্ট এর উপর ভিত্তি করে বাংলাদেশে যথাক্রমে ২০৫৭, ১৮৬৪ এবং ১৯৫১ জন নারী গবেষক পাওয়া যায়। এ তথ্যটি প্রকাশ করে যে, মোট গবেষকের মধ্যে, সংশ্লিষ্ট সময়কালে যথাক্রমে ১১.৬৩%, ১০.৮৪% এবং ১০.৮২% নারী গবেষক ছিলেন।

**6.20 Female researchers (based on head count) as a percentage of total researchers**

Bangladesh had 2057, 1864 and 1951 female researchers based on head count in the fiscal years 2018–19, 2019–20 and 2020–21, respectively. This information reveals that, out of total researchers, there were 11.63%, 10.84%, and 10.82% female researchers during the corresponding periods.



**Table 6.20: Female researchers (head count) as a percentage of total researchers**

Indicator	2018-19	2019-20	2020-21
Researchers (head count)	17690	17194	18025
Female researchers (head count)	2057	1864	1951
Female researchers as a percentage of total researchers	11.63	10.84	10.82

**৬.২১ GERD এর জন্য বিদেশী অর্থায়ন (শতাংশ)**

